কাব্য-গ্রন্থাবলী

দ্বিতীয় ভাগ

শ্রীপ্রমথনাথ রায়চৌধুরী

৬ এ পেয়ারা বাগান ষ্ট্রীট,
প্যারাগন প্রেসে
শ্রীকৃষ্ণগোপাল দাস কর্ত্তৃক মুদ্রিত।

২০১ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট,
বেঙ্গল মেডিক্যাল লাইব্রেরী হইতে
শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত
১৩২৩।

সম্পাদকের নিবেদন।

কবিবর প্রমথনাথের কাব্যগ্রন্থাবলী তৃতীয়খণ্ড প্রকাশিত হইল। এ খণ্ডের 'পাথেয়' 'পাষাণ' 'পাথার' ও 'গৈরিক কবির দীর্ঘ বিশ্রামের ফল। মাঝে তিন চার বৎসর কবিবর তেমন কোন কবিতা লিখিয়াছেন বলিয়া আমরা অবগত নহি। তাঁহার নাট্যপ্রতিভার উন্মেষ কিন্তু এই ফাঁকের মধ্যেই হইয়াছে। তৎকালে তিনি সপরিবারে সন্তোষ অবস্থান করিতেছিলেন। আমি তাঁহার পুত্রকন্যার অভিভাবক ও শিক্ষকের পদে নিযুক্ত। সন্তোষে তাঁহার কর্ম্মচারীবর্গ এক সখের থিয়েটার খুলিয়াছিলেন; তাঁহারা ইহার সমস্ত ভার প্রমথনাথকে গছাইলেন। অমনি ক্ষুদ্র পাড়াগেঁয়ে থিয়েটারে এক যুগান্তর উপস্থিত হইল। প্রতিভার দস্তুরই এই। প্রমথনাথ যখন নাট্যসেনাপতিরূপে অবতীর্ণ হইলেন, কোথা হইতে সুযোগ্য অভিনেতাগণ আসিয়া তাঁহার পতাকার নীচে সমবেত হইতে লাগিল। তিনি তাহাদিগকে এমন একটী নূতন ছাঁচে গড়িয়া তুলিলেন, যাহাদের অভিনয় সহরের রসজ্ঞ দর্শকবৃন্দকেও তাক্ লাগাইয়া দিল। তিনি আমাকে তাঁহার lieutenant করিয়া লইলেন। বহু দূরদেশ হইতে দলে দলে দর্শক আসিয়া একবাক্যে বলিয়া যাইতেন, 'সহরের পেশাদারী থিয়েটারেও বুঝি এমন সুন্দর অভিনয় হয় না!' আশ্চর্য্যের বিষয় প্রায় সমস্ত অভিনেতাই স্থানীয়। এ বড় সহজ ওস্তাদীর কথা নয়। নাট্য-সাধনায় এই সময় কবি একেবারে তন্ময় হইয়া পড়িয়াছিলেন; কখনও গান বাঁধিতেছেন, কখনও তাহাতে সুর দিতেছেন, কখনও সুর শিখাইতেছেন, কখনও অভিনয় সম্বন্ধে উপদেশ দিতেছেন। প্রথমতঃ বঙ্কিমের দুইখানি উপন্যাস তিনি নাটকে

পরিণত করেন। তিন চার দিনে এক একখানি পুস্তক dramatised হইত; অথচ তাহা এতই সুন্দর হইয়াছিল যে, তৎকালের দর্শকবৃন্দের হৃদয়ে উহা গাঁথা হইয়া আছে। নাটকে তাঁহার হাত খুলিয়া গেল। তাঁহার সর্ব্বপ্রথম ঐতিহাসিক পঞ্চাঙ্ক নাটক যখন সন্তোষ অভিনীত হইল, সকলে সবিস্ময়ে জানিল,—তিনি শুধু একজন বড় কবি নহেন, নাটকেও তাঁহার বেশ দখল। বর্ত্তমানে তিনি নাট্য সাধনায় কতদূর অগ্রসর হইয়াছেন. সে সব কথা বলিবার স্থান এ নহে।

মৌনাবলম্বনের পর কবি পর পর কয়খানি উৎকৃষ্ট কাব্য লইয়া সাহিত্যের দরবারে উপস্থিত হইয়াছেন। এই সকল কাব্যের সাহিত্যিক মর্য্যাদা বিচার করিলে মনে হয়, তিনি অবসর কাল অবহেলায় যাপন করেন নাই। তিনি নানাদেশ ভ্রমণ করিয়া বহু অভিজ্ঞতা অর্জ্জন করিতেছিলেন, ও নীরবে আপনার মধ্যে শক্তি সঞ্চয় করিতেছিলেন। নিরন্তর চালিত লেখনীর মাঝে মাঝে বিশ্রাম আবশ্যক। ভাবের উৎসকে strain করিলে তাহা হইতে আর নিত্য নূতন রস বাহির হয় না। ঘুরাইয়া ফিরাইয়া সেই 'থোড় বড়ি খাড়া, খাড়া বড়ি থোড়'—সেই একঘেঁয়ে mannerism পাঠকের শ্রান্তি ও বিরক্তির উদ্রেক করে! মধুচক্র ক্রমাগত নিংড়াইলে মধুর বদলে মোম লইয়াই সন্তুষ্ট হইতে হয়। ডবল ফসল ফলাইবার জন্য চাষী তাহার জমি পতিত ফেলিয়া রাখে। প্রমথনাথের সাহিত্য ক্ষেত্রও গদ্যে পদ্যে, নাটকে, বিশ্রামলব্ধ কাব্যে, সেই উর্ব্বরতাই প্রমাণ করিতেছে। সর্ব্বাগ্রে 'পাথারের' কথা উল্লেখ করিব। সমুদ্র লইয়া দেশী বিদেশী অনেক কবি নাড়া চাড়া করিয়াছেন; তুলনায় সমালোচনা করিলে পাথারের কবি কত নম্বর পাইবেন, কোন্ শ্রেণীতে কোন্ স্থান অধিকার করিবেন, সে বিচারভার আমি অকুতোভয়ে প্রত্যেক পাঠককে দিয়া নিশ্চিন্ত হইতে পারি। সকলেই এক বাক্যে বলিবেন, তাঁহার

স্থান সর্ব্ব-উচ্চে। কবি কখনও সখা, কখনও প্রেমিক, কখনও শিশু, কখনও দাস সাজিয়া সাগরের বহুরূপী রূপ দর্শন করিয়াছেন। শুধু দর্শন নয়, সাগরের তরঙ্গে তরঙ্গে তাঁহার আনন্দলহরী মিশাইয়া দিয়াছেন। কখনও উত্তাল তরঙ্গে দেশ, জাতি, ধর্ম্ম, জ্ঞান ও সমাজের উত্থান পতন দেখিয়াছেন, কখনও আত্মহারা দেওয়ানা হইয়া সাগরকে 'ওপারের দরবেশ' বানাইয়া 'পার কর, পার কর' বলিয়া ব্যাকুল হইয়া ছুটিয়াছেন। 'সাগর, আমি ছুটে এলাম আবার'—গৃহযাত্রী শিশুর এই আবেগ, স্ফূর্ত্তি ও মত্ততা লইয়া পাথারের আরম্ভ। আর 'এরই মাঝে বিদায়ের হোরা বাজে' এই বিরহ-বেদনায় তার শেষ। মাঝে কত নব নব তরঙ্গ-দোলায় কত সুখ-দুঃখ আশা-ভয়ের বিচিত্র লীলায় নিজে দুলিয়াছেন, পাঠককে দোলাইয়াছেন। কখনও সাগরের ভীম গর্জ্জন শুনিয়া কম্পিতকণ্ঠে তাহাকে বলিতেছেন,—

'কত সূর্য্য কত সোম, কত গ্রহ কত ব্যোম
জাগে পুন ঘুম যায় তোমার জঠরে।'

কখনও বা যে সুর 'শুনে শুনে সপ্ত স্বর্গ সারেগাম সাধে', তাহাতে যেন তাঁর

'সংসার সীমার প্রান্তে রয়েছে যে বাণী,
তার সনে মর্ম্মে মর্ম্মে হতেছে মেলানি'।

আবার কখনও সেই বহুরূপীকে চিনিতে না পারিয়া তাহাকেই জিজ্ঞাসা করিতেছেন—

'সাগর, তুই কোন্ রাজ্যের জীব?
আছে তার ঠিকানা কি নাম?
মায়ের জঠর দিল কি তোর স্থান?
তোরও কি ভাই মরণ পরিণাম?'

বহিঃপ্রকৃতির সৌন্দর্য্য যিনি হুবহু আঁকিয়া দেখান, তিনি

শ্রেষ্ঠ কবি। কিন্তু অমর কবি তিনি, যিনি বহিঃপ্রকৃতির পাশে পাশে অন্তঃপ্রকৃতির অচ্ছেদ্য রেখা টানিয়া যাইতে পারেন। প্রমথনাথের প্রকৃতি-বর্ণনা বহির্ম্মুখী নয়, অন্তর্ম্মুখী। তিনি কোথাও শুধু আকাশ, জল, গাছ, পাথরের রূপ দেখিয়া ভোলেন নাই; তিনি সেই রূপকে বিশ্বভাবের রসে ভিজাইয়া তাহাতে মানব-জীবনের রং ফলাইয়াছেন। তাঁহার ছবিগুলি শুধু রংয়ের পোঁছড়া নয়, সজীব চিত্র। মানব-পূজার কবি এ কথাটী তাঁহার 'কাব্যের প্রাণ' (পাষাণ) কবিতায় অতি সুন্দর ভাবে প্রকাশ করিয়াছেন,—

'মানবতা বিনা রসের সৃষ্টি চোখ-ভুলান' আথর!
হৃদয়-রক্তের রং ফলে না যাতে, সে সব ছবি তুলির ঝাপসা আঁচড়।'

'পাথার' কাব্যে কবি অনেক উর্দ্দু ও ফারসী কথা ঢুকাইয়াছেন, আর তাহা খাঁটি বাঙ্গালার সাথে একেবার গাঁথিয়া দিয়াছেন। এইরূপেই ভাষায় শক্তি বৃদ্ধি করা যায়, ইহা তিনি বক্তৃতায় বুঝান নাই, হাতে কলমে দেখাইয়াছেন। বিংশ শতাব্দীর লেখক প্রমথনাথের গদ্য-পদ্যের ভাষা শাদা বাংলা। কি শব্দযোজনায় কি পদবিন্যাসে তিনি খাঁটি বাঙ্গালী কবি। আন্‌কোরা বিদেশী ভাবকে হুবহু দিশী ছাঁচে ঢালাই করিবার এরূপ ওস্তাদী দুর্ল্লভ। 'পাথার' কাব্যের আগাগোড়া আলোচনা করিতে গেলে উহাই একটি স্বতন্ত্র পুঁথি হইয়া দাঁড়ায়। এবার তাঁহার শৈল-কবিতাগুলির কথা তুলিব। কবি 'কবিতা' নামক কাব্যগ্রন্থে হিমালয়ের স্তব বহুদিন পূর্ব্বে গাহিয়াছিলেন। তখনকার সে দর্শনে যেন তিনি সব দেখেন নাই, যেন তাঁর আশা মেটে নাই, ইহা গৈরিকে দেখিতে পাই! গৈরিকে কবি হিমালয়কে বলিতেছেন,—

'ভাল করে' দেখিলাম তোমার ও শৈলরাজ্যপাট',

(হিমালয়ে সাত বৎসর পর)

অন্যত্র হিমালয়কে বিশ্বপতির বংশী-ভাবে দেখিলেন—

'প্রকৃতির জলযন্ত্র করিয়াছে শতরন্ধ্র মূরলী তোমায়।'

(তুষার হইতে বিদায়)

'পাষাণে' তিনি বংশী ছাড়িয়া বংশীধরকে চিনিলেন। হিমালয়কে দেখাইয়া পত্নীকে বলিতেছেন—

'এস কাচ্চা বাচ্ছা নিয়ে সাজি প্রিয়ে ব্রজবাসী,
ও নয় শৈলমালা, ও যে চিকণ কালা বাজায় বাঁশী।'

(হিমালয়ে বৃন্দাবন)

কবি তখন 'হিমালয়ে বৃন্দাবন' দেখিতেছিলেন। 'হিমালয়ে দুর্গোৎসব,' 'হিমালয়ে দোল,' হিমালয়ে মধুরাত্রি,' প্রভৃতি পড়িয়া মনে হয় তিনি যথার্থই 'ধবলে ডুবিয়াছেন।' পাষাণের কবি হিমালয়ের সঙ্গে হিমালয়বাসীকেও বাদ দেন নাই; বলিতেছেন—

'ও নেপালী, বাঙ্গালী তোর ভাই।' (ভাই ফোঁটা)

প্রমথনাথের 'কালা পল্টন' 'গুর্খার সঙ্গীন' 'সাবাস্ বাঙ্গালী' প্রভৃতি কবিতা বঙ্গসাহিত্যে এক নূতন ঢং ও নব শক্তি আনিয়া দিয়াছে। 'বাঙ্গালীর মা' দেশাত্মবোধ কবিতার চরম সৃষ্টি। মাতৃভূমিকে কবি বলিতেছেন—

'তোমারে আশীষি পুন নমেন আপনি ভগবান্।'

এর বাড়া আর স্তব হইতে পারে না।

'কবিতা' 'গৈরিক' ও 'পাষাণ' কাব্যে কবি তাঁহার মাতা, পত্নী, পুত্রকন্যার উদ্দেশে অনেক কবিতা লিখিয়াছেন; সে গুলি তাঁহার পরিপক্ক হস্তে চরমোৎকর্ষ লাভ করিয়াছে। গৈরিকে কবি তাঁহার দেশ-ভ্রমণের জীবন্ত চিত্রগুলি যেন টাট্‌কা টাট্‌কা তুলিয়া আনিয়া তাঁহার ছন্দোবন্ধের ফ্রেমে বাঁধাইয়া ফেলিয়াছেন। গৈরিকে 'আমার বাগান,'

পাষাণে 'ডাক্তার' এই দুইটি গাথাও স্থান পাইয়াছে। 'ডাক্তার' অতি সুন্দর, কিন্তু 'আমার বাগানের' তুলনা নাই।

এইবার 'গান' সম্বন্ধে কিছু বলিব। গানের ভূমিকায় গ্রন্থকার লিখিয়াছেন, সুধু পদ নয়, সুরগুলি তাঁহার নিজের। প্রমথনাথ পদরচনার পর সুর সংযোগ করেন না, কথা ও সুর এক সঙ্গে রচিত হয়। কবি সঙ্গীতজ্ঞ, তিনি ওস্তাদের কাছে গান শিখিয়াছিলেন। প্রমথনাথের গানের অধিক পরিচয় অনাবশ্যক। তাঁহার 'রূপসী পল্লীবাসিনী' গানটি সর্ব্বত্র সর্ব্ব কণ্ঠে গীত হইয়া থাকে। এই গানটির ইতিহাস কবি আমায় বলিয়াছেন। কবি যখন এই গানটি সদ্য রচনান্তে হারমোনিয়ম্ সহযোগে গাহিতেছিলেন, কে একজন তাঁহার ঘরে প্রবেশ করিল, কবি তাহা জানিতে পারিলেন না। গান থামা মাত্র আগন্তুক উচ্চৈস্বরে বলিলেন— 'চমৎকার!' কবি চমকিয়া পশ্চাৎ ফিরিয়া দেখিলেন—আর কেহ নহেন স্বয়ং রবীন্দ্রনাথ! রবীন্দ্রনাথ তাঁহার স্বভাবসিদ্ধ রঙ্গভরা সুরে বলিলেন, 'আপনি গান রচনা করেন, তা ত আমায় বলেন নাই!' কবি অপ্রতিভ হইয়া বলিলেন, 'এই কেবল মাত্র—।' রবীন্দ্রনাথ বাধা দিয়া বলিলেন, 'প্রথম রচনা! তা অতি সুন্দর হইয়াছে।' কবি বলিলেন,— 'এটি আমার দ্বিতীয় গান।' রবীন্দ্রনাথ 'এসেছ তুমি এসেছ' ও 'রূপসী পল্লীবাসিনী' শুনিলেন ও শিখিয়া ছাড়িলেন। তিনি বলিলেন—'একবার সঙ্গীত-সমাজে যেতে হবে, গান দুটো ছেলেদের শেখাবো; আপনিও আসুন না।' কবি যাইতে রাজি হইলেন না। এই প্রসঙ্গে প্রমথনাথ আমায় তাঁহার অনেক কালের বন্ধু রবীন্দ্রনাথ সম্বন্ধে বলিয়াছিলেন— 'রবিবাবু গুণগ্রহণে শিশুর ন্যায় উদার ও সরল। যাহার ভিতরে যে গুণটী যতই লুকাইয়া থাক্, তাহা ধরিতে রবিবাবুর মত ওস্তাদ আর নাই। শুধু ধরিয়াই ছাড়া নয়, তাহাকে জনসমাজে পরিচিত করিতে

কি যে করিবেন খুঁজিয়া পান না।' 'গান' কবির অন্যতম বন্ধু স্বর্গীয় দ্বিজেন্দ্রলালের করকমলে উৎসৃষ্ট। উৎসর্গ পত্রে দেখিতে পাই, বন্ধুকে উদ্দেশ করিয়া কবি লিখিতেছেন—'আমার গানগুলি আপনার প্রিয়; আপনার প্রিয় জিনিস আপনারই হোক্।'

প্রমথনাথের গানের আর একজন গোঁড়া ছিলেন স্বর্গীয় কবি রজনীকান্ত। তিনি 'রূপসী পল্লীবাসিনী'র একটি Parody করিয়াছিলেন; সে গানটির প্রথম পদাংশ 'রূপসী নগরবাসিনী।' রজনীবাবু কলিকাতা আসিলেই প্রমথনাথের গান শুনিতে আসিতেন। একদিনের কথা আমার স্মরণ আছে; সুপ্রসিদ্ধ ঐতিহাসিক শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ও আমি স্বর্গগত কবির সঙ্গে প্রমথনাথের গান শুনিতে তাঁহার কলিকাতাস্থ ভবনে যাই। অনেক চেষ্টায় প্রমথনাথ দুই একটি গাহিলেন; রজনীকান্ত কয়েকটী গাহিলেন। সে দিনকার হাস্য, গান, গল্প, কৌতুক আজ সুখ-স্মৃতিতে পরিণত হইয়াছে। প্রমথ বাবুর রচনা রজনীবাবুকে কতটা আকৃষ্ট করিয়াছিল, শেষোক্তের রোগশয্যার একটি উক্তিতে তাহা ব্যক্ত হইয়াছে—'যেখানে রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল, প্রমথনাথ বাণী-সেবায় নিযুক্ত, সেখানে আমার রচনার কি আবশ্যকতা, জানি না।'

বর্ত্তমান খণ্ডের সম্পাদকীয় নিবেদনে ভাবিয়াছিলাম কবির সম্বন্ধে অনেক কথাই বলা হইবে, কিন্তু অনেক কথাই বাকি রহিয়া গেল। ভরসার মধ্যে এই, পাঠক সেই বাকীর পূরণ করিবেন।

শ্রীজলধর সেন।

1

সূচী পত্র।

বিষয়			পৃষ্ঠা
কবিতা	...	...	৩—৬৭
কবিতা	...	...	৩
হিমালয় দেখিয়া	...	...	৬
নিষ্ফল স্বপ্ন	...	...	১৪
মৃত্যুর-জীবন	...	...	১৬
কন্যাকে ও পত্নীকে	...	...	১৮
খোকার প্রতি	...	...	২৫
পুত্র ও মাতা	...	...	৩৪
দ্বেষের শেষ	...	...	৪১
জয়সঙ্গীত	...	...	৪৪
অম্বা	...	...	৪৯
ভীষ্ম যুধিষ্ঠির	...	...	৫৭
ত্রিকূটের স্মৃতি	...	...	৬২
পাথেয়	...	...	৭১—১৪৩
অপূর্ব্ব উৎসর্গ	...	...	৭১
পাথেয়	...	...	৭৩
যাত্রা	...	...	৭৫
আনাড়ীর কবুল জবাব	...	...	৭৭
দোহাই তোমার	...	...	৭৯

বিষয়			পৃষ্ঠা
আগুন খেলায় খবরদার	...	...	৮০
পরকে দিয়ে ঘরকে শেখানো	...	...	৮২
বাঁশের চেয়ে কঞ্চি দড়	...	...	৮৪
বামন হ'য়ে চাঁদে হাত	...	...	৮৬
গরজ বড় বালাই	...	...	৮৮
'কেন'র উত্তর	...	...	৯০
জানা কথা জানানো	...	...	৯১
স্মৃতির ফাঁদ	...	...	৯৩
খাঁটী চোর	...	...	৯৪
পেটে খেলে পিঠে সয়	...	...	৯৬
জোর-কপাল	...	...	৯৯
প্রেম বড়, না হেম বড়	...	...	১০১
শুধু প্রেমে কি করে	...	...	১০৩
তোমাময় জীবন	...	...	১০৫
সুখের চেয়ে দুখের বেশী দরদ	...	...	১০৭
শেষের সাধ	...	...	১০৯
ভাঙ্গা বেড়া	...	...	১১১
কি গেরো	...	...	১১৩
হোরি-খেলা	...	...	১১৫
গাঁটে-গাঁটে বাঁধন	...	...	১১৭
তর্কে বহুদূর	...	...	১২০
ওরা আর আমরা	...	...	১২২
দিল্লীর লাড্ড	...	...	১২৫

বিষয়			পৃষ্ঠা
সোণার ছবি	...	...	১২৬
এ পিঠ আর ও পিঠ	...	...	১২৮
সাধন রাণীর বোধন	...	...	১২৯
নাছোড়বান্দা	...	...	১৩২
সাথের সাথী	...	...	১৩৪
হঠাৎ-জোয়ার	...	...	১৩৬
পূরা আর টুকরা	..	...	১৩৭
আপন-হারা	...	...	১৩৮
কলিজার কোহিনুর	...	...	১৩৯
দিন দুপুরে ডাকাতি	...	...	১৪১

পাষাণ .. ... ১৪৭—২২৭

তুষার-যাত্রা	...	...	১৪৭
যাদুর পাষাণ	...	...	১৫০
হিমালয়ে দুর্গোৎসব	...	...	১৫৩
আমার টুনটুনি পাখী	...	...	১৫৬
ধবলের স্বপ্ন	...	...	১৬০
মেঘ	...	...	১৬২
গান ভিক্ষা	...	...	১৬৬
তুমি ও আমি	...	...	১৬৮
পাষাণ-যোগী	...	...	১৭০
মাতার প্রতি	...	...	১৭২
কাব্যের প্রাণ	...	...	১৭৫

বিষয়			পৃষ্ঠা
ডাক্তার	...	...	১৭৯
আমরা কি কম	...	...	১৮৩
নবজীবন	...	...	১৮৫
বাঙ্গালীর মা	...	...	১৮৭
বাহবা বাঙ্গালী	...	...	১৮৯
সাবাস্ বাঙ্গালিনী	...	...	১৯২
কালা পল্টন	...	...	১৯৪
সাহসী হাবিলদার	...	...	১৯৯
গুর্খার সঙ্গীন্	...	...	২০২
ভাই ফোঁটার গান	...	...	২০৫
জাগ্রত পাষাণ	...	...	২০৮
খোদার মিনার	...	...	২১১
পাষাণ পীর	...	...	২১৩
দুনিয়ার রোস্নাই	...	...	২১৪
হিমালয়ে প্রভাত	...	...	২১৫
হিমালয়ে হোলী	...	...	২১৭
হিমালয়ে বৃন্দাবন	...	...	২১৯
হিমালয়ে মধুরাত্রি	...	...	২২১
'উদয়াস্ত, না দুটী কবিতা ?'	...	...	২২৩
বিদায়ের অশ্রু	...	...	২২৬
পাথার	...	...	**২৩১—৩৫২**
পাথার, আমি ছুটে এলাম আবার	...	...	২৩১

বিষয়			পৃষ্ঠা
পাথার গো, আমার পাথার	...	...	২৩৩
দেবতার আশা নিয়া	...	...	২৩৫
তুমি কি সে গোরার সাগর	...	...	২৩৬
পুরী, তুই শুধু পুরী	...	...	২৩৮
স্নান যাত্রা! স্নান যাত্রা	...	...	২৪১
কোন্ রথ টান হয়	...	...	২৪২
এ রথ থামিবে	...	...	২৪৩
পুরীর মন্দিরে পশি	...	...	২৪৪
মোর চারি বৎসরের	...	...	২৪৫
দেখিনু সাগর-মঠে	...	...	২৪৬
সখী-সঙ্গে সিন্ধু-স্নানে	...	...	২৪৭
খোকা কোথা ?	...	...	২৪৮
দেখি আমি সূর্য্য সনে	...	...	২৪৯
সিন্ধুতীরে নারী একটি	...	...	২৫২
সাগর-বাদশা বসে	...	...	২৫৪
ভর্‌দুনিয়ার চোখে	...	...	২৫৫
তোর নোনা পানি :	...	...	২৫৬
তোরে দেখি এলাহিরে	...	...	২৫৭
শিশুহাস্য-চুম্বকের	...	...	২৫৮
তুমি মোর কামধেনু	...	...	২৫৯
মনে হয়, সিন্ধু, তুমি	...	...	২৬০
ফেনার মলাট সিন্ধু	...	...	২৬১
কখন রবি বস্‌ল পাটে	...	...	২৬২

বিষয়	পৃষ্ঠা
কেন সিন্ধু ডাক' বার বার	২৬৫
চম্‌চম্‌ ছম্‌ ছম্‌	২৬৭
শীতল পাটির মত	২৬৮
দরিয়া, ও পাঁচপীর	২৭০
আমি ভিস্তী	২৭১
কালাপানি, দুনিয়ার	২৭২
জুড়াতে আসিনু	২৭৩
এ কোথায় আসিলাম	২৭৪
শিখিয়া নিয়েছি আমি	২৭৫
আজিকার সিন্ধু যেন	২৭৬
অনন্ত কুড়াতে এসে	২৭৭
সাগর আজ তোর একি মূর্ত্তি	২৭৮
জোয়ার ভাঁটায়	২৮১
সাগর ঢাকিলে কোথা	২৮৩
ইরাণ-তুরাণ	২৮৫
তুই কি দাওদ্‌ মোর	২৮৬
মস্‌গুল হ'য়ে আছি	২৮৭
পড়ে' আছি বালু 'পরে	২৮৮
তুমি সিন্ধু, প্রকৃতির মহারঙ্গালয়	২৮৯
কালবৃদ্ধ, বক্ষে তব	২৯০
টগ্‌ বগ্‌ ফোটে সিন্ধু	২৯১
আজ আমি খুলে গেছি	২৯২
পাথার, আমার সুখের সংসার	২৯৩

বিষয়			পৃষ্ঠা
চারিদিকে জল	...	...	২৯৬
জংলী আমার	...	...	২৯৮
ঢেউ নিতে রোজ	...	...	৩০০
সাগর, তোরই নাই রে তমাদী	...	...	৩০২
দরিয়া, তুই কি দেওয়ানা	...	...	৩০৪
হয় ত তুমি কোন কালে	...	...	৩০৫
আমি যদি হতাম সিন্ধু	...	...	৩০৭
সাগর রে, তুই কোন্ রাজ্যের জীব	...	...	৩০৯
জালিক তোমারে নিয়ে	...	...	৩১১
রোমাঞ্চ ও গানে	...	...	৩১২
শিখেছি ও হাহা শুনে	...	...	৩১৩
শক্তির দানব	...	...	৩১৪
নিশি দ্বিপ্রহর	...	...	৩১৫
সাগরযাত্রী নদী	...	...	৩১৬
সিন্ধুরাজ, তব মুকুরপ্রাসাদ	...	...	৩১৮
দরদী, তোর দরদ দেখে	...	...	৩১৯
গানের গুরু	...	...	৩২১
নাচ্ নাচ্	...	...	৩২২
সিন্ধু, ধরা অঘোরে ঘুমায়	...	...	৩২৩
পড়িতে আসি নি	...	...	৩২৫
জীবজন্ম-ছবি	...	...	৩২৬
দিবা তখন নিশার দ্বারে	...	...	৩২৭
চল্‌রে মন বাণপ্রস্থে	...	...	৩২৯

বিষয়			পৃষ্ঠা
বেলা তখন ডুবু ডুবু	...	...	৩৩১
ধীরে, সিন্ধু.	...	...	৩৩৩
পুচ্ছ তুলে পড়বা সব	...	...	৩৩৫
মধুরাতে একি রূপ	...	...	৩৩৭
হাসে রে ওই	...	...	৩৩৮
সাগর, আবার কবে	...	...	৩৪০
ও ঢেউ, আমায় তরাও	...	...	৩৪২
ও পারের ঢেউ	...	...	৩৪৪
ধেই ধেই আজ নাচে	...	...	৩৪৬
ঝিলিক্ দিয়ে মেঘ উঠ্‌ল	...	...	৩৪৭
ওপরের ঢল্ গলেছে	...	...	৩৪৮
নিদ্রায় চমকি উঠি	...	...	৩৪৯
বল কি, আঁ্যা !	...	...	৩৫০

গৈরিক ... ...৩৫৫—৪৬৭

হিমালয়ে—সাত বৎসর পর	...	...	৩৫৫
নতুন মানুষ	...	...	৩৬৪
ভূস্বর্গে কয়েকটী দিন	...	...	৩৭৬
ঝড়ের দিনে পদ্মা-বক্ষে	...	...	৩৯২
মেঘরাজ্যের সংবাদ	...	...	৪০২
সিংহলের স্মৃতি	...	...	৪১৪
মরুভূমির স্বপ্ন	...	...	৪৩৬
আমার বাগান	...	...	৪৪২

বিষয়			পৃষ্ঠা
কোথা কতদূর			৪৫৭
কবির প্রয়াণ সঙ্গীত	...	...	৪৫৮
তুষার হইতে বিদায়	...	...	৪৫৯
গান	...	...	৪৭১—৬০৩
স্বরলিপি চিহ্নাদির ব্যাখ্যা	.	...	৪৭১
আগমনী	...	...	৪৭৯
পল্লী-লক্ষ্মী	...	...	৪৮৪
বহুরূপা	...	...	৪৮৯
কৌতুকময়ী	...	...	৪৯৩
ব্যর্থ প্রবোধ	...	...	৪৯৮
নিবারণ	..	...	৫০৫
বঞ্চিত	...	..	৫০৯
ক্ষুব্ধ	...	...	৫১৪
তৃষিত	...	...	৫১৯
অবসাদ	...	...	৫২৩
অভিযোগ	...	...	৫২৮
আকিঞ্চন	...	...	৫৩২
জাগরণী	...	...	৫৩৬
শ্যামলা	...	...	৫৪৫
বঙ্গবন্দনা	...	...	৫৪৯
মিলন-মঙ্গল	...	...	৫৫৪
উপাসিতা	...	...	৫৬১

বিষয়	পৃষ্ঠা
মুগ্ধ	৫৬৬
শঙ্কিতা	৫৭১
মোহিনী	৫৭৫
মোহিতা	৫৭৯
আকুলতা	৫৮৪
সান্ত্বনা	৫৯০
প্রভাতী	৫৯৫
বিদায়	৫৯৯

কবিতা

কবিতা

কে গো তুমি সুরাঙ্গনা, দিচ্ছ মনে আলিপনা
মায়ার তুলি দিয়ে যাতুকরী,
কভু ধরছ প্রিয়ার মূর্ত্তি, কভু নিয়ে তরল স্ফূর্ত্তি
সেজে আস্‌ছ কুহক-পুরীর পরী!
সারা গায়ে জ্যোৎস্না হাসে, মন মোদিত পদ্মবাসে,
ভেসে এলে যেন তারার স্রোতে,
ঝুমুর ঝুমুর রাঙ্গা পায় সুরের নূপুর যে গান গায়,
সে গান এল ধ্যানের দেশ হ'তে!
বুঝ্‌তে আমি চাই না কিছু, ছুটতে চাইনা তোমার পিছু,
হ'তে চাই তোর পায়ের একটি নূপুর,
মরম চিরে রক্ত নিয়ে রাঙ্গাব পা আল্‌তা দিয়ে,
মাখিয়ে দেবো তোর সাঁথিতে সিঁদূর!
কলসী কাঁখে, এলো চুলে, বধূ যাচ্ছে আপনা ভুলে
ভরা সন্ধ্যায় শূন্য নদীর ধারে,
চম্‌কে উঠে কুহুস্বরে, জল নিয়ে সে রঙ্গভরে
মনোচোরা গীতের অঙ্গে মারে!
শিস্ দিতে হেলায় খেলায় ছেলেরা পাঠশালায় যায়,
পাগ্‌লা কুহুর সুরটি নকল করে,
বুড়ি আছে আঙ্গিনাতে নাত্‌নী দিয়ে চুল বাছাতে,
রূপকথা তার স্নেহ হ'য়ে ঝরে!

এই সন্ধ্যা কুহুর মধু, ছেলে, মেয়ে, বুড়ী, বধূ,
তোমার প্রকাশ নূতন নূতন রূপে,
কোথাও রোগী-পতির কাছে সতী সেবায় মেতে আছে,
চোখের জল মুচছে চুপে চুপে,
ঝোঁপের আড়ে ঘুঘু দু'টি মনের কথা কইছে ফুটি',
পাথে পাথে প্রেমের আলিঙ্গন,
তরুণ যুগল বসি' কাছে মুখোমুখী চেয়ে আছে,
শুন্‌ছে সেই রসের আলাপন !
সাঁঝের আলো সাগর হ'য়ে ঢেউ তুলে যায় কোথায় বয়ে,
পলে পলে গলে প্রাণের শিলা,
নানা দিকে নানা মূর্ত্তি, এ তোমারই রূপের স্ফূর্ত্তি,
তোমার সুধার হরণ-পূরণ-লীলা !
বাসন্তীবাস পরিধানে, বল্‌লি কথা প্রাণের কানে,
জ্বল্‌তে লাগ্‌লো জগৎ রক্তরাগে,
বহ্নি ত ন'স্‌, তুই যে আলো, পতঙ্গেরে বাসিস্‌ ভালো,
তোর কৃপায় তার মরণ-পাখা জাগে !
অসীম দেখায় বড় কাছে, ফুট্‌ছে সাধের কুঁড়ি গাছে,
চিত্তপটে ফল্‌ছে নানা রং,
কোন্‌ বসন্তের সন্ধ্যা বেলা তোর সনে মোর হোরী খেলা,
বর্ণ রাগে রাঙা রঙের আড়ং !
আমার কালো জীবন-মেঘে তোমার লালের ঝিলিক লেগে
হয়ে গেছে ইন্দ্রধনুর বরণ,

কবিতা

নাই ত আমি আমাতে আর, লুট হয়েছে সবই আমার,
লুটেরা ওই কমল-ফোটা চরণ !
তুমি দেবি, চিরারাধ্য, এ জীবনের জয়-বাদ্য,
নইলে, আমার মূল্য কাণা-কড়ি,
তোমার অংশে আমার জীবন, তোমার ধ্বংশে আমার মরণ,
ভেঙ্গে ভেঙ্গে তুল্‌ছ আমায় গড়ি !
যুগে যুগে তুফান ঠেলে আগু হচ্ছি তোমার কূলে,
জানি না ত জম্‌বে পাড়ি কবে,
সে দিন সত্য হব কবি, যেদিন বিশ্বদেবের ছবি
নিজে দেখে দেখিয়ে যাব সবে!

হিমালয় দেখিয়া

১

কত লোক কত সাধে আসিয়াছে তোমার আবাসে,
গিরিরাজ! আমি শুধু আসিয়াছি জুড়াবার আশে।
প্রিয়জনে ডালি দিয়া প্রজ্জ্বলিত চিতার অনলে
যে আসিল তব দ্বারে বিদ্ধ করি তপ্ত মর্ম্মস্থলে
সদ্য বিধবার মূর্ত্তি—এলোকেশী উন্মত্তা ভৈরবী,
পুত্রহারা জননীর দীনহীন পাগলিনী-ছবি,
তারে তুমি কি সান্ত্বনা কি ঔষধি করেছিলে দান?
সে অভয় সে অমৃত দিতে হবে আমারে, পাষাণ!

২

আমি জানি, তুমি আত্মা, মূঢ় ভাবে তুচ্ছ জড়স্তূপ,
তরুণ তোমার প্রাণ, করুণ তোমার শ্যাম রূপ।
জটাধর তরুরাজি পেলব হরিত শষ্পোপর,
করেছে তোমার কান্তি মধুরে মহান্, গিরিবর!
উদার কেশববক্ষে ভৃগুপদলাঞ্ছনার মত,
তব অঙ্গে শোভে ও কি ধূমায়িত শোকোচ্ছ্বাস যত?
সে সঞ্চিত পুণ্য-অশ্রু হয় নাই শূন্যে নিঃশেষিত,
করুণা-ঝরণা রূপে দিকে দিকে তারা প্রবাহিত।

৩

তুমি নহ ক্রূর মৃত্যু, অশ্রুরে কর না অবহেলা,
মায়াবিনী নারী সম প্রাণ লয়ে নাহি কর খেলা,
নহ বন্ধ্যা মরুভূমি, জান তুমি মানব-চরিত,
কি বিচিত্র, যা-ই করে, হ'য়ে উঠে হিতে বিপরীত!
জগতের দীর্ঘশ্বাস তাই বুঝি উঠে তোমা ঘেরি
চিতা-ধূম সম সদা! তবে সেথা হাস্য কেন হেরি?
ছায়া-রৌদ্রে কোলাকুলি, এ কি দৃশ্য?—বুঝিনু এখন,
একদিকে প্রেম হাসে, অন্যদিকে নিঃশ্বাসে মরণ!

৪

মনে এল, সেই যুগ, সে আদিম প্রণয়ীযুগলে,
তোমারই শিখরে কোন বিরাজেন বিজনে বিরলে
হরগৌরী আজও একাসনে। সে প্রেম-মিলন মাঝে
দিবস বিবস যেন! বংশীসম শুনি, ও কি বাজে
পার্ব্বতীর কলকণ্ঠ? সাবধান প্রহরীর মত
হয় ত ধবলপুঞ্জে অঙ্গ ঢালি রয়েছে জাগ্রত
তোরণশায়িত বৃষ!—শ্বেত মেঘ, সুশুভ্র তুষার
বিশ্ব হতে লুকাইয়া রেখেছে বা পূত লীলাগার!

৫

মনে পড়ে, আর একদিন,—অধীর ধূর্জ্জটী যবে
পীড়িয়া তোমার বক্ষ ফিরেছিল হায়-হাহা রবে,
প্রিয়াশোকসকাতর উন্মাদের বিরহবিলাপে
তোমার প্রত্যেক শিলা উঠেছিল কাঁদি মনস্তাপে।

গন্ধে গানে গুঞ্জরণে হাস্তে লাস্তে সলিল-শোভায়
প্রকৃতি জগতলোভা, সেথা সন্ত এসেছি দেখিয়া,
মরণ শ্যেনের মত ছিঁড়িল আশার ফুল্ল হিয়া,
ভীত-পাখীসম, আর্ত্ত নিরুপায় রহিল যখন,
আমি দেখে চ'লে এনু ভেঙ্গে দিয়ে সোণার স্বপন।

১১

বড় ভীরু অসহায় আমাদের মানব-জীবন,
প্রাণে ভ'রে শান্তি নাই, ফাঁকি দেয় পরাণের ধন।
বড় দুঃখদৈন্যদিগ্ধ আমাদের ধূলার আগার,
ভাগ্য হেথা গড়ে ভাঙ্গে, এক হ'তে হ'য়ে যায় আর।
ওই যে শুনিছ দূরে লক্ষকণ্ঠে কল কল রোল—
স্বার্থ-সুরা-অংশ ল'য়ে মাতালের দ্বন্দ্ব-গণ্ডগোল !
হিমরাশি, তপ্ত অঙ্গে স্নিগ্ধ কর দিলে বুলাইয়া,
সব কথা সব ব্যথা ক্ষণতরে দিলে ভুলাইয়া।

১২

থাক্ কর্ম্ম,—পণ্ডশ্রম ! ফলাফল জানি না যখন,
প্রভাব প্রতাপ খ্যাতি হয় না কি ম্লান, পুরাতন ?
কেন নিরুদ্দেশ যাত্রা ? কদিনের জীবনসংগ্রাম ?
কারও টানিতেছি বুকে, কারও প্রতি হইতেছি বাম !
তারাই না প্রিয়জন, ছেড়ে যেতে যাহারা উন্মুখ ?
সুদিনের ভগবান, তিনিও না দুর্দ্দিনে বিমুখ ?

বিশ্বাস, নির্ভর, প্রেম, আয় মন, সকলই হারাই,
শৃঙ্গে শৃঙ্গে মেঘে মেঘে কুহেলিকা হাতাড়ি বেড়াই !

১৩

গেছে প্রেম ? ভেঙ্গেছে বিশ্বাস ? যাক্, নাহি চাই কিছু,
ঘুরিতে পারি না আর রিক্ত করে ছলনার পিছু !
পশে না সংসারধ্বনি, জুয়াখেলা আসিলাম ছাড়ি,
মন মোর চ'লে গেল নিমেষেই সিন্ধু দিয়ে পাড়ি,
যেথা তব শৃঙ্গমালা ঢেউ খেলি মিশেছে অম্বরে
মেঘের তরঙ্গস্তরে !—অমনই এ অশ্রুর সাগরে
প্রবল প্লাবন এল ! আর নাহি মানে রে বারণ,
আয় রে জোয়ার আয়, ভেঙ্গে দে রে শেষের বাঁধন !

১৪

হে নবীন বন্ধু মোর, তব সাথে নব পরিচয়,
মনে হয়, খোল নাই, খুলি নাই সকল সঞ্চয়,
বহু বাকী আছে যেন। এই ভাবে লইয়া বিদায়
চ'লে যাব দূরদেশে। যদি পুন তোমায় আমায়
দেখা হয়, তখন কি রিক্ত করি নিবে মোর সব,
বিনিময়ে দিবে মোরে মুক্ত করি তোমার বৈভব ?
কিম্বা পুরাতন ব'লে ঠেলে দিবে বিরাগে হেলায় ?
এমন সংসারে ঘটে ! তাই অদ্রি, সুধাই তোমায় !

১৫

আর যদি না-ই ফিরি ? প্রাণসনে জীবনের ব্রত
অকালে খসিয়া পড়ে গন্ধে অন্ধ যুথিকার মত ?
যদি অসম্পূর্ণ দেখা, অসমাপ্ত হৃদয়ের ভাষা
আঁধারে আঁধারে ফিরে বহি চির অতৃপ্ত পিপাসা ?
তুমি তা জানিবে, গিরি ! একদিন শেষে অকস্মাৎ
আমার বিহনে যার সব চেয়ে লাগিবে আঘাত,
সে যদি আমার মত লয় তব চরণে শরণ,
সব অসমাপ্তি কি গো তার কাছে হবে সমাপন ?

১৬

কি বলিতে কি বলেছি ? নাহি জানি, ছিনু এত বেলা
কোন্ অকূলের কূলে ! সেথা যেন করিয়াছি খেলা
ছন্দে আর অশ্রুজলে ! পথ করি মেঘের ভিতর
কখন আঁধারে মিশে চলে গেছে দুইটী প্রহর !
আমি কি দেখিতেছিনু এতক্ষণ গৈরিক স্বপন ?
জাগি হেরিতেছি, গিরি, স্তবে তুষ্ট দেবের মতন,
কাঞ্চনকীরিটী শির হিম-সিন্ধু হতে অকস্মাৎ
তুলেছ মহিমাসম !—সুপ্রভাত ! আজি সুপ্রভাত !

১৭

দুর্লভ সুখের মত মিষ্ট রৌদ্র রচিয়াছে মায়া,
খেলিছে শিখরে বসি প্রকৃতির শিশু—আলো-ছায়া,

শ্রান্ত পাণ্ডু খণ্ড-মেঘ শুয়ে আছে শিখরে শিখরে,
তৃষার্ত্ত গোধনকুল নামিয়াছে যেন সরোবরে।
নেপালিনী ভার বহি গিরিপথে চলিয়াছে সোজা,
অশান্ত বালক সাথে, বোঝার উপরে সেই বোঝা।
স্তব-শেষে চেয়ে দেখি, হাসে তব প্রসন্ন মূরতি,
বুঝিলাম তব পায় পৌঁছিয়াছে ভক্তের আরতি।

নিষ্ফল স্বপ্ন

কাল রাতে সে চুপি চুপি আমার ঘরে এসে
মলিন মুখে দেখা দিল বড়ই মিঠে হেসে !
ছিল ঘরে দুয়ার দেওয়া, জানলা দিয়ে দখিন হাওয়া
ধীরে ধীরে আমার গায়ে কর্‌তেছিল পাখা,
বাইরে ঈষৎ দুল্‌তেছিল বকুল গাছের শাখা !

কেমন ক'রে যাদুকর, ঢুক্‌ল শয়ন-ঘরে,
রুদ্ধদ্বার মুক্ত কর্‌ল কখন মায়া-করে !
আকাশ ভরা মেঘের বহর, বিশ্ব যেন কালির আঁচড়,
ওপার থেকে কার নায়ে সে হয়ে এল পার,
আলো হাতে কে দেখাল আঁধার পথটি তার !

কাছে এসে দাঁড়িয়ে রইল মাথা করে' নত,
অপরাধী অনুতাপে যেন মর্ম্মাহত !
দিন দুপুরে স্নেহের ঘরে সিঁদ কাট্‌ল যে অকাতরে,
সে আজ যেন দিতে চায় কি আকুল মর্ম্ম চিরে,
হা অবোধ, যা চলে গেছে আর কখনও ফিরে ?

অভিমানে ধর্‌তে গেলাম হাতটি বুকে চেপে,
ছায়ায় ঠেকে ভাঙ্গল চমক, কল্‌জে উঠ্‌ল কেঁপে !

বল্‌তে তারে যাব যখন,—ইঙ্গিতে সে কর্‌লে বারণ,
তর্জ্জনীটী রেখে ধীরে থর থর ঠোঁটে,
অশ্রু ভরা কথা প্রাণে ফোটে, আবার টোটে !

দেখ্‌লাম মুখে সেদিনের সেই আকুতিটী মাখা,
মরণ-দেবের তিলকের ছাপ ভালে দিব্যি আঁকা !
গায়ে ছায়ার নামাবলী, কায়া তাতে ছিল গলি,
স্নেহের দ্বারে এসে পুন হতে চাচ্ছে জমাট,
জোর ক'রে খুল্‌বে যেন মায়াপুরীর কপাট !

ধর্‌তে যখন যাব, ছায়া মিলিয়ে গেল হঠাৎ,
বাইরে তখন ডাক্‌ছে ঝড়, হচ্ছে বজ্রপাত !
বাতায়নে ঠেকে ঠেকে হাহা উঠ্‌ছে থেকে থেকে,
বাতাস, না সে উদাস মূর্ত্তির দীর্ঘশ্বাসের কাঁপন ?
ঘরে তেমনই দুয়ার দেওয়া, সত্য, না এ স্বপন ?

নিশীথের সে নিদ্রা-ঘেরা গভীর কালো রাত,
ঝিলিক দিচ্ছে পলে পলে, ঘন বারিপাত !
দর ধারা দু'নয়নে, অনেক বার হল মনে,
স্বপ্ন যদি বারেক তরে না হত রে স্বপন,
বিশ্বে যদিই একটিবার ঘট্‌ত অঘটন !

———

মৃত্যুর জীবন

মরণ তুই কবি, তাই তোর দখিণ দুয়ার খোলা!
যেথা থেকে আসে মলয়, মত্ত সাগর সদাই বয়,
চির-শিশু-জগতের না, ঢেউ খেলার সে দোলা?
হেথায় উঠ্‌লে দোকানপাট, সেথায় খোলে বজ্র কপাট,
পাষাণ-দুর্গে কর্ণে কর্ণে লাগে না কি তালা?
চির বসন্তটি যেথায় বন্দী আছে কুহুর চুমায়,
সলিলে নাই হিমের স্পর্শ আলোকে নাই জ্বালা?
তারা যেন যমজ ভাই—আলো-আঁধার ভেদ নাই,
মেঘে নাই বাজের বালাই, বাতাসে নাই ঝড়!
রোমাঞ্চিত বার মাস সপ্ত সুরের সাতটা আকাশ
তরুর নাইক ঝরা-মরা, নদীর নাইক চর!
গলাগলি জোয়ার ভাঁটায় কোলাকুলি ফুলে কাঁটায়,
বিশ্ব-বাসর, শ্মশান বলে তোরে বুদ্ধির ঢেঁকি,
মরণ তুই কি বোম্ ভোলা? ছাই ভরা ও ঝুলি-ঝোলা,
সে ছাই কিন্তু খাঁটা মাণিক, আর সবই মেকি!
সে যে তোমার সোণার বিভুত, গৃহ তোমার ও অবধূত,
কোথাও নাই, বিশ্বে তোমার সকল দুয়ার খোলা,
বিয়ের রাতে হরষ মাখি, সানাই যেমন বেড়ায় ডাকি,
দ্বারে দ্বারে ঘোরে তেমনই, তোমার চতুর্দোলা!

হঠাৎ পড়্‌বে আমার পালা, চাইবে এসে আমার মালা,
তোমার ঘর করতে যাব, ওগো আমার স্বামী,
হোক্ ওপারে চিরবাসর ফুলশয্যা অষ্টপ্রহর,
সুহৃৎ স্বজন সনে হোক্ মিলন দিবাযামী!
এ পারে যে মধুর নভে, আবার মধুর প্রভাত হবে,
ফুলের গন্ধে ছন্দে ছন্দে মিশ্‌বে পাখীর গান,
আমার দু'টি নূতন চোখ, চাইবে দেখ্‌তে পুরাণ-আলোক,
পাত্‌ কাণ শুন্‌তে সেই মায়াপুরীর গান!
আগু হয়ে তোমার কাছে তাই ত ফিরে তাকাই পাছে,
পরাণ আমার পালিয়ে যায় মাটীর স্বর্গটিতে,
আবার তোমার ভালবাসায় ফিরে আসে পাগল প্রায়
শিহরে সে তোমার আভাস দেখি চারি ভিতে।
তাই যদি হয়, এ জীবনে, সবই শূন্য তোর বিহনে
দিও তবে থেকে থেকে হৃদয় মাঝে সাড়া,
যবে আমি আরাম তরে, ঢুল্‌ব বসে পথের 'পরে
মহাযাত্রার লাগি আমায় দিও এসে তাড়া!

কন্যাকে ও পত্নীকে

দার্জ্জিলিংএ আমার চারি বৎসরের কন্যাটী দ্বিতল হইতে পড়িতে পড়িতে রক্ষা পাইয়াছিল, তদুপলক্ষে এই কয়টী শ্লোক রচিত। জ্যৈষ্ঠ, ১৩১১

১

আয় বৎসে, ভয় নাই, মরণের দ্বারপ্রান্ত হতে
ফিরে এসেছিস্ বলে', আমাদের শাসন-জগতে
বাঁধন হবে না দৃঢ়! ওরে মোর ভীত ত্রস্ত-প
তোরে আমি কোথা রাখি, তোরে আমি কি দিয়ে বা ঢাকি!
চিরস্নেহ-মোহ দিয়া সাবধানে রাখিতেছি ঘিরে,
আজ তুই ছাড়া পেয়ে গিয়েছিলি গৃহের বাহিরে
কখন বিশাল বিশ্বে! বাছা তুই ন'স্ মোর মেয়ে,
তুই অমৃতের শিশু, বুঝিলাম তোরে ফিরে পেয়ে
দেয়া-নেয়া আছে বিশ্বে,—যেই মেঘ ঘটায় প্লাবন,
সেই পুন নিয়ে আসে ক্ষেত্রস্তরে সফল বর্ষণ।
দুর্দ্দিনের ধন্ধে তুই এনেছিস্ স্বর্গের সংবাদ,
আজ তোরে নমস্কার!—আজ তোরে করি আশীর্ব্বাদ।

২

অশান্ত মেয়েটি মোর, বন্দী থাকি স্নেহের কারায়
পলাতক সম তুই মেতেছিলি মুক্তির নেশায়!

খেলিতে খেলিতে ভুলে বল্ দেখি কিসের নির্ভরে
ঝাঁপাইতে চেয়েছিলি অকস্মাৎ শূন্যে অকাতরে ?
বিপত্তি-বিমাতা তোরে দেখাইয়া ক্রীড়া-প্রলোভন
মায়ের নয়ন হতে নিয়েছিল কাড়িয়া কখন ?
যেইক্ষণে ঝাঁপাইতি, তখনই যে বুঝিতি, অবোধ,
এ নহে মায়ের ক্রোড়, এ যে হিংস্র বিমাতার ক্রোধ !
পিতা তোর কত দিন তোরে ছাড়ি কর্ম্মে থাকে ভুলি,
সে কি জানে বিশ্বপিতা নিত্য তোরে রাখেন আগুলি ?
আজ এসেছিস্ তুই যেন কারও প্রসন্ন প্রসাদ,
আজ তোরে দেখি শুধু, আজ তোরে করি আশীর্ব্বাদ।

৩

এসেছিলি আর একদিন কনক-কিরণ মাখি,
সে স্মৃতি সে শুভক্ষণ রাখিয়াছি মর্ম্মে মর্ম্মে আঁকি !
শূন্য গৃহ, ভগ্ন মন, চারিদিকে নিশার আঁধার,
তুই মোর শুকতারা, এনে দিলি প্রভাত আমার !
সহসা উদয় হলি লক্ষ্মীসম যবে শূন্যগৃহে,
বাজিল মঙ্গল শঙ্খ, কণ্ঠে কণ্ঠে হুলুধ্বনি স্নেহে !
মাতার হৃদয়-হ্রদে দলমল কমল-বিকাশ,
পিতার নয়ন-নদে পুলকিত অশ্রুর উচ্ছ্বাস !
সে কি ভুলিবার কিছু ? মনে আছে সব তুচ্ছ কথা,
মোর গানে স্নেহ সনে উছলিছে তাই কৃতজ্ঞতা।

উল্লাসে উচ্ছ্বাসে ত্রাসে মনে আছে, মোরা সর্ব্বজন,
হে স্বর্গ-অতিথি, তোরে করেছিনু সাদরে বরণ।

৪

আজ পাইলাম তোরে অতর্কিতে সবার অজ্ঞাতে
একরত্তি পারা-ফুল, দেবতার আপনার হাতে
পূত নির্ম্মাল্যের মত। এলি বাছা, পুন জন্ম ল'য়ে
মূর্ত্তিমতী দিবা বিভা সুধা-সরে সদ্য স্নাত হ'য়ে।
আজ বাজে নাই শঙ্খ, উঠে নাই গৃহে হুলুধ্বনি,
মেঘমুক্ত দিবসের হাস্যময় অম্বর, অবনী
বরি লয়েছিল তোরে, করেছিল মৌনে আবাহন,
করেছিল তোর ভালে অলৌকিক মহিমা অর্পণ।
আমি দেখিতেছি চেয়ে কি শোভায় পূর্ণ চারিধার,
আমারই কন্যার রূপে ভরিয়াছে জগৎ-সংসার!
নীলগিরিমালা মাঝে সূর্য্যাস্তের সুরঞ্জিত করে
আজিকার দিন আমি ভুঞ্জিতেছি অন্তরে অন্তরে।

৫

মনে উঠে কত কথা,—গিয়াছিনু প্রবাসে কি কাজে
তোদের ছাড়িয়া একা। বসে আছি শূন্য কক্ষ মাঝে
হেনকালে শিশুকণ্ঠে সুমধুর 'বাবা' সম্বোধন,
এ পিতারে গৃহতরে করাইল মত্ত, উচাটন!

মনে হ'ল ওই মত স্নেহাকুল সম্মোহন সুরে
পাগল যে করিত রে—সে যে আহা, দূরে—কত দূরে!
ফিরিলাম গৃহে যবে, অকস্মাৎ বাহুর ফাঁসিতে
বন্দী করি নিলি মোরে, ডুবাইলি হাসিতে হাসিতে।
মনে পড়ে সেই হাসি, সেই চুমা, আব্দার, সোহাগ,
তা কি ভোলা যায় কভু, যাতে হৃদে দিয়ে যায় দাগ?
সে আনন্দে মিশিতেছে বক্ষে বক্ষে পবিত্র বিষাদ,
আজ তোরে ভাবি শুধু, আজ তোরে করি আশীর্ব্বাদ?

৬

ভাবিতেছি বসে' বসে',—এইমত ভাঙ্গি ছেলে-খেলা
আবার আমার গৃহে আসিবে যে বিদায়ের বেলা!
চিরদিন আমাদের, একদিন সাজি' নব বেশে
কোন্ ভাগ্যবান্-গৃহে গৃহলক্ষ্মী হতে যাবি শেষে!
সে দারুণ শুভক্ষণে সানাইতে সাহানার সুর
বিজয়া-বিলাপ সম মোর প্রাণে বাজিবে বিধুর!
উৎসবের দীপমালা, কলহাস্য, মঙ্গল-আচার
এক দণ্ডে মোর কাছে হয়ে যাবে আঁধারে আঁধার।
এইমত নত মুখে মৌন-ম্লান অপরাধী প্রায়
অভিমানী পিতা পাশে ছল্ ছল্, চাহিবি বিদায়!
ফিরে পাইয়াছি তোরে, থাক্ থাক্ হরিষে বিষাদ,
আজ তোরে দেখি শুধু, আজ তোরে করি আশীর্ব্বাদ।

৭

কোরক-জীবন তোর ফিরে পেলি যাঁহার* যতনে,
এখন ত বুঝিলি না! বড় হ'য়ে করিবি কি মনে?
কাছাকাছি যতক্ষণ! দূরে গেলে নব গণ্ডগোলে
সুদূর অতীত কথা, ওরে বাছা, অনেকেই ভোলে!
কিছু খেদ নাই তাতে, চিরদিন স্নেহ নির্ব্বিকার,
হেন স্পর্দ্ধা কার আছে দিতে পারে তার পুরস্কার!
হয় ত র'ব না আমি, একমাত্র স্নেহের গৌরবে
পিতৃ-আশীর্ব্বাদ সম এ কবিতা কাছে কাছে র'বে।
কবির বন্দনা লভি সুখে গর্ব্বে সহাস্য কৌতুকে
দেখিবি, দেখাবি তাহা? আর কিছু বাজিবে না বুকে?
কাজ নাই সে বিবাদে, আজ শুধু প্রাণ খুলে গাই,
আজ শুধু মরে' যাই ল'য়ে তোর সকল বালাই!

৮

কিছু বলিও না ওরে, হারাধন লও, প্রিয়ে, বুকে,
জোড়করে ভক্তিভরে বিধাতার দয়ার সম্মুখে
অবনত হই দোঁহে। শুধু দোঁহে বলি,—দয়াময়,
যাহারে ফিরায়ে দিলে তারে যেন হারাতে না হয়

* কোন পরমাত্মীয়ার ত্বরিত সতর্কতা বালিকার রক্ষার কারণ হইয়াছিল।

এই ছোট মালাগাছি, মিলনের দৃঢ়তর পাশ
তুমিই পরালে দোঁহে, তারে যেন করো না বিনাশ!—
হের, কাছে অনাদৃত স্বর্গভ্রষ্ট সে কুসুম-হার,
এস দোঁহে বুকে করি, পরি আজ নব উপহার।
ওর পানে চেয়ে দেখ, ওই দুটি বড় কালো আঁখি
তোমার সোহাগ লাগি ছল্ ছল্ করে থাকি থাকি!
কাছে ডাকো, কহ কাণে গদগদ সোহাগের বাণী,
সর্ব্বাঙ্গে বুলায়ে দাও ক্ষমাভরা শুভ মাতৃপাণি।

৯

হাসিও না, কাঁদিও না, কাজ নাই ব্যর্থ আলোচনে,
আজিকার এই দিন চিরদিন রাখিও স্মরণে
নির্ব্বাক্ বিস্ময়ে শুধু। ভেবে দেখ, এই যে ঘটনা,
সুখ নয়, দুখ নয়, এ একটী বৃহৎ ভাবনা!
নহে ইহা আকস্মিক। করুণার অমৃত-সাগর
নীরবে দুলিছে নিত্য আমাদের নেত্র-অগোচর।
সেথা হারায় না কিছু; ভাঁটা-শেষে আসিছে জোয়ার;
নেয় যাহা, দেয় তাহা হাসি-কান্না না করি বিচার।
থাক্ তত্ত্ব; চেয়ে দেখ, কোণে গিয়ে মাথা করি নত
চেয়ে আছে ছল্ ছল্ ম্লানমুখে অপরাধী মত।
তা কি আর দেখা যায়? ডাকো ওরে স্নেহের কুলায়ে,
চুম খাও, চুম খাও, দাও ওর ভাবনা ভুলায়ে।

১০

বহুদিন—বহুদিন হয়ে আছ শোকশয্যালীন, *
আজ তুমি আঁখি মেল, দেখে লও জগৎ নবীন
প্রদোষের শান্তি দিয়া,—কি বিশাল সুন্দর উদার !
এর মাঝে পাতো, নারী, আরবার নূতন সংসার।
তব বাতায়ন হতে এ আলোক ফিরে যাবে পশি' ?
করপুটে সসম্ভ্রমে আজ তারে প্রণম, প্রেয়সি।
নেয়া-দেয়া, গড়া-ভাঙ্গা জেনো, নহে ক্ষুদ্র ছেলেখেলা ;
হোক্ খেলা, বাঁধি ভেলা, মরণেরে করি অবহেলা
ঝাঁপ দাও তবু স্রোতে ! মনে রাখো সুদৃঢ় বিশ্বাস—
হারায় না কিছু কভু, নাই কারও কখনও বিনাশ।
সেই অমৃতের পায়ে সমর্পণ করি প্রিয়জনে
বিদ্রোহ ঘুচায়ে, মূঢ়ে, সন্ধি কর আপনার সনে।

* আমার পত্নী তখন ভ্রাতৃ-শোকাতুরা।

খোকার প্রতি

১

সবাই আমারে বলে, কি জানিস্? খোকা, তবে শোন্,—
মোর সবটুকু স্নেহ গেছে নাকি নিয়ে তোর বোন্!
মা তোর বিষম রুষ্ট, প্রতি কাজে প্রত্যেক কথায়
দেখিছেন পক্ষপাত, কহিছেন 'নিত্য কবিতায়
মেয়েরে তুলিছ স্বর্গে, ছেলে কি এতই অপরাধী?
ভারি ত দু'ছত্র লেখা! তাও তারে দিতে তুমি বাদী?'
আমি শুনে হাসিতাম, আজ জলে চোখ এল ভরে',—
প্রমাণ করিতে হবে পিতা তোর ভালবাসে তোরে!
শোন্ তবে প্রাণাধিক, শোন্ মোর মাণিক, দুলাল,
সযত্নে লুকায়ে আমি রেখেছিনু যাহা এতকাল।

২

তাই বলে' ভাবিস্ না, সব কথা হয়ে যাবে বলা,
ডুবারী কি সব জলে ধরিবারে পারে কোথা তলা?
ফুল্ল পদ্মে বসে যবে পানমত্ত হৃষ্ট মধুকর,
সে কি পায় সেইক্ষণে গুঞ্জনের পূর্ণ অবসর?
প্রভাত না হতে তুই ঘুম-ভাঙ্গা পাখীর মতন,
আপনি আপনা সাথে করিস্ যে কল-আলাপন,

সোনামুখে মধু ক্ষরে, শুধু দুটি পিপাসিত কাণ
প্রাণ ভরে' সবটুকু অনাবিল রস করে পান।
সে কথা বলিতে গেলে, কিছুই যে বলা নাহি যায়,
বাহিরে শুনায় তাহা নিতান্তই প্রলাপের প্রায়।

৩

কত রঙ্ কত ঢঙ্ মুগ্ধনেত্রে দেখি অহর্নিশ,
কখনও গম্ভীর মূর্ত্তি, যেন তুই সেই 'সক্রেটিস'!
আবার তখনই দেখি, সুরু হয়ে গেছে মাতামাতি,
দিবা-দ্বিপ্রহরে গৃহে চলিতেছে মধুর ডাকাতী!
কভু দেখি চূড়া করে' চুলে বেঁধে পাখীর পালক,
সেজে এসেছিস্ ঠিক সেকালের রাখাল-বালক!
কখনও বেসুরে গান, কখনও বা মজার নাচ্না,
সুর করে' 'ফিরি' করা, অন্ধ সেজে কখনও যাচ্না!
কভু কান্না, কভু দেখি কালীমাখা ঠোঁটে দুষ্ট হাসি,
ওরে মোর বহুরূপী, আমি তোর সবই ভালবাসি।

৪

ঘুমালে ঘুমায় গৃহ, দেখাদেখি ধরি' ভব্য-বেশ
বায়ু খেলে গুঞ্জরিয়া লয়ে তোর কোঁকড়ান কেশ,
সংসারের দাবদগ্ধ, ছুটে' আসি তীব্র যাতনায়,
লুটাইয়া পড়িবারে সৌন্দর্য্যের শীতল ছায়ায়।

পা টিপে নিকটে আসি, চাহিতে ভরসা নাহি পাই,
ঘুমন্ত শোভাটি পাছে নিজ দোষে নিমেষে হারাই !
চেয়ে চেয়ে কভু গর্ব্বে, কখনও বা শুধু মুছি' আঁখি
ফিরে চলে যাই কাজে হৃদয়টী তোর কাছে রাখি।
যে ভাবেই দেখি তোরে, ওরে মোর ক্ষুদে যাদুকর,
বড়ই সুন্দর তুই, ওরে তুই বড়ই সুন্দর !

৫

হাত ধরাধরি করি ভাই-বোন্ ঘুরিস্ যখন,
কারে থুয়ে কারে দেখি—বেধে যায় সমস্যা তখন,
কারে বেশী ভালবাসি ? সে তর্কের থাকুক বিচার,
নিজে যে না বুঝে, তার বুঝাবার কোন্ অধিকার ?
দেখি শুধু, দিদি তোর চিরন্তন নারী-মহিমায়
বৃথাই বিদ্রোহী তোরে আপনার করিবারে চায় !
স্নেহের বদলে তারে কি লাঞ্ছনা দিস্ অনায়াসে,
কারেও কিছু না বলি' সে শুধুই ম্লানমুখে হাসে।
সে শিশু-নারীর সেই ধৈর্য্য আর মার্জ্জনার ছবি—
চ'টো না হে বাপু, যদি তা'ই বেশী ভালবাসে কবি !

৬

আর তোর দিদি যবে অসহায় পিতার উপরে
পাকা গৃহিণীর মত সতেজে প্রভুত্বগুলি করে,

কখনও পুতুল ফেলি জীয়ন্ত এ পুতুলের পিঠে
ঘুমের সঙ্গীত গেয়ে কর হানে তালে তালে মিঠে,
দেখায় জুজুর ভয়, ঘুম চোখে এল কি না ভরে',
উঠে' চেয়ে চেয়ে দেখে, কভু রাগে কখনও আদরে,
'মা' সেজে আহার দেখে, ত্রুটি ধরি ভৃত্যের সেবায়
নিজ হাতে এ শিশুরে মেজে-ঘষে' পোষাক পরায়!
সে ক্ষুদ্র নারীর সেই মাতৃত্বের খাঁটি অভিনয়—
রাগ করিও না বাছা,—সবটুকু প্রাণ কেড়ে লয়!

৭

তোর এলোমেলো কথা, যত সব সৃষ্টিছাড়া কাজ,
মুখের অদ্ভুত ভঙ্গী, সঙের মতন সব সাজ,
দেখে' শুনে' দিদি তোর কখনও বা হাসিয়া অস্থির,
কভু চোখ বড় করে', মুখখানা করিয়া গম্ভীর
বলে 'বাবা, দেখ দেখ কাণ্ড ওর!'—এই যেন ভাব,
এখনও গেল না ছি ছি, ওর এই ছেলেমী স্বভাব!
দেখে' শুনে' হাসি আমি, কিন্তু যবে তোর দোষ ঢাকি,'
'মা যেন শোনে না' ভয়ে চুপে চুপে বলে মোরে ডাকি,
সে কচি-নারীর কাণ্ডে আসে মোর জল আঁখিপাতে,
রাগ করিও না, ধন, মুগ্ধ হয়ে যাই যদি তাতে!

৮

শাদা খাতা নিয়ে সদ্য কোণে গিয়ে তবু পদ্যে একা
আরম্ভ করেছি যেই একমনে তোরই কথা লেখা,

কোথা থেকে তুই এসে একেবারে সম্মুখে হাজির,
দাঁড়ালি সগর্ব্বে, যেন 'লেয়াণ্ডের' রণজয়ী বীর !
বলিলি না কোন কথা, করিলি না কোন আয়োজন,
অক্লেশে উড়ায়ে দিলি আপনার বিজয়-কেতন !
ভাষা সেধে ছন্দ বেঁধে রচিতেছিলাম যত শ্লোক,
তুই এসে তার মাঝে মিশাইলি এ কোন্ কুহক !
মানো বা না মানো কেউ, এ ক্ষেত্রে ত আমার বিশ্বাস,
লেখার উল্লাস চেয়ে ঢের ভালো দেখার উচ্ছ্বাস !

৯

এদিকে এ গোলমালে যত সব করিলি অকাজ,
তাতে মনে হ'ল, তুই স্তুতি-স্তবে বেজায় নারাজ !
কলমটী লাঠি করি পরীক্ষা করিলি মোর পিঠে,
খাতাখানি টেনে ফেলে' ব্যঙ্গছলে হেসে নিলি মিঠে !
তারপরে করিলি যা, নহে তাহা সভ্যতানুরূপ,
আমি কিন্তু এতক্ষণ ধৈর্য্য ধরে' বসে আছি চুপ।
উলটিয়া মসীপাত্র লেখাগুলি সব করে' মাটি
যখন চম্পট দিবি স্ফূর্ত্তি করে' দিব্য পরিপাটী,
উঠিলাম মহা রেগে দোষীরে করিতে দণ্ড দান,
কোথা রাগ ?—এ যে দেখি, অনুরাগে ভরে' গেছে প্রাণ !

১০

তুই ভারি অরসিক, আছে তার আরও প্রমাণ,
ক্ষুধা-তৃষ্ণা সব ভুলি মোরা ক'টি তার্কিক প্রধান

ফেঁদেছি গভীর তর্ক, যুক্তিগুলি সযত্নে কুড়ায়ে,
তুই এসে মাঝখানে দিলি সব হাসিতে উড়ায়ে!
সাধে কি মেজাজ দেখে, বলি তোরে,—খেয়ালী নবাব
যত পাস্ রাজপূজা, তত তোর মিটে না অভাব!
কিন্তু যাহা লয়ে মাতি বৃথা দম্ভে মোরা ক্ষুদ্রমতি,
সেই ভেদ-অভিমান তোর কাছে মিথ্যা তুচ্ছ অতি,
খোলা ভোলা প্রাণ তোর আমাদের গণ্ডি পরিহরি
দিয়েছে বিশাল বিশ্বে আপনারে ব্যক্ত ব্যাপ্ত করি।

১১

রঙ্গিন শৈশবে তোর চলিতেছে হোলীর উৎসব,
দেখে' মোর মনে উঠে অতীতের বিস্মৃত গৌরব!
প্রাণের সে পিচ্‌কারী শূন্য করি চূর্ণ করি আজ
চলিয়াছি কোন্ পথে পরি' কোন্ অভিনব সাজ!
চাহি না রে খ্যাতি, মান, শান্তিহারা তৃপ্তিহীন জয়,
ওই তোর খেলা-ঘরে যদি পাই আবার আশ্রয়।
সাধ যায় ওইখানে জীবনের বাকী দিন গুলি
তোর সাথে ধূলি মাখি ধীরে ধীরে হ'য়ে যাক্ ধূলি।
তুইও ত হবি বড়, ভেঙ্গে যাবে এই খেলা-ঘর,
সে কথা স্মরিয়া আজ তোর তরে হতেছি কাতর।

১২

এ শাঠ্য-কাপট্যপূর্ণ স্বার্থ আর মিথ্যার জগতে,
কে তুই নিষ্পাপ নগ্ন? বিদ্বেষের রঙ্গভূমি হতে,

আয় রে অক্ষত বীর! ধৃত-অস্ত্র কেড়ে নে সবার,
হাসিতে কাঁদিতে শিখি তোর কাছে সবাই আবার!
লয়ে ক্ষুরধার জ্ঞান আপনারে শ্রেষ্ঠ ভাবি' মনে
করি রুদ্র হানাহানি কিংবা ক্ষুদ্র কাণাকাণি কোণে!
এ গম্ভীর বৃদ্ধগণে তুলে নে রে তোদের ভুবনে,
যেথা কচিমুখগুলি হাসিতেছে নবীন কিরণে,
উঠিতেছে কলবর, দুলিতেছে আনন্দ-হিন্দোলা,
ভুলি' অভিমান দিব দলে মিশে ক্ষণতরে দোলা।

১৩

জপ তপ তুই মোর! বসে' থাকি একাকী নিরালা,
কার মিষ্ট কথাগুলি করিয়াছি ইষ্ট-জপমালা!
এদিক্ ওদিক্ হতে শুনি যবে শিশুর কাকলি,
প্রাণ মোর পিতা হয়ে ধায় সেথা বাৎসল্যে উছলি।
কবে তুই এ হৃদয় ওই দুটি ছোট ছোট হাতে
বেঁধে রেখে এসেছিস্ জগতের শিশুদের সাথে।
তোর বড় আদরের আছে পোষা সিরাজী 'পায়রী,'
শুনিলে হাসিবে সবে!—আমি তার যে সেবাটা করি!
আমার এ ভালবাসা, সে কি ওই চিড়িয়ার লাগি?
পেয়েছে সোহাগ তোর তাই ত সে আমারও সোহাগী!

১৪

এমনই করিয়া তুই করিছিস্ আমারে পাগল,
জন্মজন্মান্তর হতে আছিস্ কি আমারই কেবল?

যত বার দেখি তোরে নাহি মিটে দেখার পিপাসা,
যত ভাবে ডাকি তোরে, মনোমত নাহি হয় ভাষা।
এ কি নেশা, ওরে যাদু! চোখে মোর লাগিয়াছে ধাঁধাঁ,
ঘুরি সহস্রের মাঝে, মন মোর তোর কাছে বাঁধা।
আয় তবে, আয় জয়ী, আজ তোরে অভিষেক করি
বিরাট্ ভাবের রাজ্যে! বিজয়-মুকুট সদ্য পরি'
নবীন ভূপতি আয়! আমা হ'তে শ্রেষ্ঠ তুই কবি।
অলিখিত তোর কাব্য, তবু লিখি তোঁরিই ছায়া লভি।

১৫

কি বলিতে কি বলেছি? আজি মোর স্নেহের সাগরে
জোয়ার এসেছে উঠে, সে আবেগ প্রাণে নাহি ধরে।
আশীর্ব্বাদ করি তোরে,—শুভ হোক্, শুভে থাক্ মতি,
বড়ই কঠিন ধরা, বেছে নিস্ লাভ আর ক্ষতি।
সম্পদে হ'স্ না স্ফীত, দৈন্যে নত, বিপদে অধীর,
জয়পরাজয়, দু-ই ধীরচিত্তে নিবি পাতি শির।
দয়া যেন মেনে চলে চিরদিন ন্যায়ের মর্য্যাদা,
অকালে অন্যায় ক্ষমা শক্তিরে দেয় না যেন বাধা।
ধর্ম্মাধর্ম্ম কে বা জানে! বড় শক্ত তাহার নির্দ্দেশ,
প্রাণ যাতে দেয় সায়, মেনে নিস্ তাহারই আদেশ।

১৬

স্বদেশ স্বজাতি হতে কিছু যেন প্রিয় নাহি হয়,
পুরস্কারে ভুলিস্ না, তিরস্কারে করিস্ না ভয়।

সুখ যদি নাহি পা'স্, দেবতার নির্ম্মাল্যের প্রায়
মহৎ দুঃখের ভরা তুলে নিস্ সগর্ব্বে মাথায়।
এমন করিস্ কিছু যার মাঝে দৈন্য নাহি রবে,
তুই চলে' গেলে তবু বাঁচিবে তা মৃত্যুশীল ভবে।
যখন র'ব না আমি, নাম যদি থাকে রে সম্বল,
পুত্রের গৌরবে যেন রহে তাহা চিরসমুজ্জ্বল।
জড়ায়ে আসিছে কণ্ঠ, মনচোরা, আয় বুকে সরে',
থেমে থাক্ সব কথা, একদণ্ড সুখে থাকি মরে'!

পুত্র ও মাতা

পুত্রের উক্তি

দেশহিতৈষীর দলে মোর নাম যবে চলে,
খুব হাসিটাই নিই হেসে !
বঙ্গমাতা, কই তাহা, নিল না ক কেউ যাহা,
দিনু তোমা সে প্রাণ অক্লেশে !
ঘন ঘন ছাড়ি' হাঁক দৈনিক পিটায় ঢাক,
মোর স্তবে গগন ফাটায়,
মোর স্তুতি মাস ধরে' যত সাপ্তাহিকে ভরে'
চতুরেরা কাগজ কাটায় !
এ শিক্ষিত দেশভক্ত অকস্মাৎ অনুরক্ত
হই তুচ্ছ দিশী-ভাষা প্রতি,
তখন তোমারে স্মরি' বর্ণিব কেমন করি,
বঙ্গমাতা, জাগে যে ভকতি !
(ভাবি, তুমি অগতির গতি !)

দর্পণে দেখিয়া মুখ যখন ফুলায়ে বুক
শ্বশুরমন্দির পানে ধাই,
শালী-শালাজের দলে মোরে লয়ে তর্ক চলে,
শুনে' কষ্টে হাসি চেপে যাই,

শাশুড়ী বেচারি এসে কন থেমে হেসে কেসে,
‘খেয়ে যেতে হবে, বাবা, আজ,’
‘চমৎকারি’ সবাকারে শুনাই গম্ভীরে তাঁরে,
‘আহারের চেয়ে বড়—কাজ!’
প্রিয়া মোর গরবিনী, ফুলিয়া উঠেন তিনি,
দেমাকে তাকান মুখে মোর,
শালাজের দল স্তব্ধ, শ্যালিকার দল জব্দ,
হা দেশ, এ সবই দয়া তোর!
(সাধে করি তোর দুঃখে সোর?)

ঘুরি যবে পথে পথে দ্বিতীয় শ্রেণীর রথে,
আপনারই বেশী কাজ সারি,
সভা সমিতির শিরে হাতটী বুলায়ে ধীরে
দেড়া ভাড়া কিন্তু নিয়ে ছাড়ি!
বগলে পূরিয়া ছাতা প্রকাণ্ড চাঁদার খাতা
দ্বারে দ্বারে রটি তব ব্যথা,
কেহ শুনি’ রহে হাসি,’ কোন দুষ্ট স্পষ্টভাষী
ভারি কড়া কড়া কহে কথা!
কেউ দেয় মুষ্টিভিখ্, সভারে জানাই ঠিক,
‘দেশহিতে, লাভ অভিশাপ!’

সবে বলে'—বেশ ! বেশ !—আমি বলি সোনা দেশ;
তুমি মোর কাটারীর থাপ !
(যার নামে সাত খুন মাপ ।)

'ভবঘুরে' নহি আমি, জানেন তা অন্তর্য্যামী,
ভাগ্যদোষে এই দশা মোর,
ছিলাম কেরাণী আগে, বড়সাহেবের রাগে
রাজকার্য্যে বনিলাম চোর !
মানে মানে কাজ ছাড়ি চলিয়া এলাম বাড়ী,
স্বদেশের কথা প'ল মনে,
গদ্যে পদ্যে অকস্মাৎ খুলে গেল মোর হাত,
অশ্রুপাত শিখিনু যতনে !
যদিও বিদেশী ভাষা তবু তা'তে বলি খাসা,
ধার করে' 'দেশহিত' লেখি,
শুনি সবে দেয় ধন্য, হে দেশ, তোমারই জন্য
খাঁটি বলে' চলে নি কি মেকি ?
(নহিলে, কি হ'ত বল দেখি !)

সম্প্রতি শুনিনু, মাতঃ,— পাব কি না, জানি না ত,
আদালতে কর্ম্মখালি আছে,
বন্ধ করি 'সিডিসান্' দিতে হবে 'পিটিসান্'
গিয়ে জজ সাহেবের কাছে,

কামাইতে হবে দাড়ি, চস্‌মা দিতে হবে ছাড়ি,
উহা নাকি কংগ্রেসি ধরণ!
দায়গ্রস্ত ভাবে নাই, যে সব স্বদেশী ভাই
উঠাইলা তাহারে তখন,
সাহেবের কাছে গিয়ে কর্‌তে হবে নাম নিয়ে
তাঁহাদেরই শ্রাদ্ধ অতঃপর!
কিন্তু এই ভেবে তুমি ক্ষমা দিও, মাতৃভূমি,
তব লাগি কেঁদেছি বিস্তর!
(আরও কিছু চাও এর পর ?)

মাতার কথা

আমিই যে চির-অপরাধী,
আপনার দৈন্য স্মরি কাঁদি।
পাষাণে বাঁধিয়া বুক সাধে কি লুকায়ে দুখ
পড়ে থাকি ধূলিশয্যা মাঝে,
বাছারা যে যেথা আছে ডাকি না কারেও কাছে,
কালামুখ দেখাব কি লাজে?
মাতৃগর্ব্ব কি আমার? কি পেয়েছ অধিকার
বৎসগণ, জননীর বলে?

কোন স্পর্দ্ধা লয়ে আজ পুত্র পাশে চা'ব কাজ,
দাঁড়াইব অবনীমণ্ডলে ?
আমিই যে চির-অপরাধী,
আপনার দৈন্য স্মরি কাঁদি।

'কে বলে ?' কুমাতা নাহি হয়,
কুপুত্র রয়েছে বিশ্বময়।'
কেন বিশ্বে ন'স্ গণ্য ? এ তোদের জন্ম দৈন্য
দুর্ব্বল জঠরে দিনু স্থান,
বলহীন আয়ু ক্ষীণ, কাপুরুষ, পরাধীন,
এত প্রাণ মৃতের সমান !
জন্মিলে উচ্চের ঘরে কি না জানি পেতি ওরে
বিপুল গৌরব আজ তোরা,
মোর লাগি, ভুলি' তাহা আছিস্ আমারই আহা,
জাগিছিস্ দুখনিশি ঘোরা !
কে বলে ? 'কুমাতা নাহি হয়,
কুপুত্র রয়েছে বিশ্বময়।'

মোর গঙ্গা করে দীন গান,
মোর পাখী ধরে ক্ষীণ তান,
সুর চাহে জাগিবারে, কলঙ্ককাহিনী তারে
করে যে রে আতুর বিধুর,

তবু তোরা ভক্তিভরে শুনিস্ সে গীতস্বরে
জননীর মহিমা মধুর!
সদ্য পুলকিত প্রাণে চাহিয়া তোদের পানে
করি শূন্যে শূন্য আশীর্ব্বাদ,
শেষে বসে' বসে' স্মরি দুই চোখে অশ্রু ভরি'
আপন দীনতা-অপরাধ।
মোর গঙ্গা করে দীন গান,
মোর পাখী ধরে ক্ষীণ তান।

এ তোদের কৃপা!—এ কি ভক্তি?
এ যে এক ভঙ্গুর আসক্তি!
মোর ভাষা-ভাবে তাই তোদের হৃদয় নাই,
ছেড়েছিস্ মোর পথ প্রথা।
পাছে নিলে এ সকল রসাতলজাত ফল,
পতনের বাড়ায় দ্রুততা!
তাই পরপদলক্ষ্য জেনেছিস্ মুক্তি-মোক্ষ,
কি দেখায়ে করি নিবারণ?
আজও যে আছিস্ মোর, সেই ত বিস্ময় ঘোর!
ভয়ে চাপি প্রাণের রোদন।—
এ তোদের কৃপা!—এ কি ভক্তি?
এ যে এক ভঙ্গুর আসক্তি!

শুধু মোর আছে স্নেহ-ধন,
জ্বলে দৈন্যে পুণ্যের মতন,
আছে সর্ব্বদুখহরা, আমার এ বুকভরা
জ্বালাহরা মাতৃহৃদি-সুধা,
ধন-মান কোথা পাই ? শৌর্য্য-বীর্য্য কিছু নাই !
সুধায় কি মিটিবে না ক্ষুধা ?
চির-স্নেহ-শিখা জ্বালি জাগিয়া রয়েছি খালি
পথ চেয়ে দুর্দ্দিনে আঁধারে,
থাক্ সেবা, থাক্ কাজ, ভাগ্যহারা সবে আজ
চলে আয় মায়ের আগারে।
শুধু এক আছে স্নেহ-ধন,
জ্বলে দৈন্যে পুণ্যের মতন।

দ্বেষের শেষ

যাও যাও, দূরে যাও, ঘৃণাভরে ফেলে যাও,
কুবেরের দল,
কাঙ্গালের স্পর্শে হায়, মান যদি টুটে' যায়!
কেনো গে স্বার্থের হাঠে চতুর্ব্বর্গ ফল,
সম্পদ শিরোপা মাথে, পদের মশাল হাতে,
দাঁড়াও, দেশের মুখ হবে সমুজ্জ্বল!
রজতের এত বাড়— মায়াকাটি স্পর্শে তার
সমাজের উচ্চমঞ্চ করিবে দখল?

একে একে, দশে দশে চলে যাও, কমলার
প্রিয়পাত্রগণ।
মাতারে শঙ্কটে ফেলি, ভ্রাতাদের পায়ে ঠেলি
যাবে? যাও লক্ষপতি ওগো যক্ষগণ।
জননীও হাস্যমুখে বিদায় দিলেন সুখে,
আর তাঁর প্রাণে নাই কোন আকিঞ্চন,
অনেক আঘাত সহি বহু যাতনায় দহি
আজ তাঁর রুক্ষ মন, বিশুষ্ক নয়ন!

আমরা করিব কাজ হাবাতের দল আজ
জননীরে ধরি,

অক্ষম দুর্ব্বল হই মোরা মাতৃদ্রোহী নই,
যে কোলে জন্মেছি, যেন সেই কোলে মরি !
শাক-অন্ন নিজে খাই— ভ্রাতারে যোগাব তাই,
দিব সিদ্ধি মাতৃপদে নিবেদন করি ।
স্বজনের অবিশ্বাস, দুর্জ্জনের উপহাস,
আমরা দশের দাস, কিছু নাহি ডরি ।

ভাবিনু তুলিব গড়ি' দারিদ্র্যে সম্পদে মিলে
নূতন ভারত !
আমাদের জনবল তোমাদের ধনবল
ধরিব মায়ের পাছে,—মোহিবে জগৎ !
জ্বালি সৌভ্রাত্রের বাতি ঘুচা'ব বিশ্বের বাতি
রাক্ষসী শতাব্দটীরে চিনাইব পথ,
মুদ্রার দেখিয়া পাখা চিনিলে চাঁদির চাকা,
জাতির নিয়তি-চাকা তাই স্থাণুবৎ !

এ জীবন-যুদ্ধ ছাড়ি মিলিব দুদল যবে
শান্তি-নিকেতনে,
যবনিকা যাবে উঠে, সেথা যুক্ত করপুটে
দাঁড়াব সহসা নব ধর্ম্মাধিকরণে,

ক্ষীর সরে পুষ্ট যারা অবমানে নত তারা,
হেরিবে কঙ্কাল-দল বসি সিংহাসনে !
কারা হবে পুরস্কৃত, কারা হবে তিরস্কৃত ?
—দেখিতেছি তাহা যেন নখর-দর্পণে।

জয়সঙ্গীত।

১

শতাব্দীর দীপ্ত সূর্য্য এইবার উঠিয়াছে জ্বলি
পূর্ব্ব দিক আলো করি, জাগিয়াছে নব বলে বলী
এশিয়ার সুপ্ত সিংহ! বহি আসে গভীর গর্জ্জন,
ছুটে' আসে লক্ষ ধারে নবোদিত রবির কিরণ
ভারতের কেন্দ্রে কেন্দ্রে!—ভাগ্য যার চির অন্ধকার,
তার দ্বারে আজ কেন সৌভাগ্যের শুভ সমাচার?
কাটিয়াছে অতীতের মৃত্যু সম কালো কালবেলা,
শ্মশানে বসেছে হের, অকস্মাৎ উৎসবের মেলা!

২

মৃত যারা, তারা আজ কি বুঝিবে জীবনের স্বাদ?
তাদের ললাটে লেখা আছে, থাক্ কলঙ্ক-সংবাদ!
হায় আঁধারের কীট, চিরদিন রহিবে এমন?
বৃথা একি কল্লোলিছে আশে-পাশে নব জাগরণ?
আর না। ঘুমাবে তারা? ঘুমে কারও নাই অধিকার,
তন্দ্রালস আঁখিগুলি দেখে নিক্ আলোক আবার!
বিস্মিত স্তম্ভিত বিশ্বে যার লাগি জয়কোলাহল,
তার মাঝে লুকাইয়া সনাতন তোর যোগবল!

৩

তবু তোর মুখে শুনি' জয় আর যশের ঘোষণা
ব্যঙ্গ করে বিশ্ববাসী, তারা ভাবে ব্যর্থ আলোচনা!
এই দৃপ্ত সমারোহ, উৎসবের মঙ্গল-আচার,
মাতৃভূমি, হা বিধবা, এতে তোর নাই অধিকার?
কোথা সে অম্বর মুক্ত, কোথা এই লোহার পিঞ্জর!
পারে কি খাঁচার পাখী ফুটাইতে অভ্রবাহী স্বর?—
মিথ্যা কথা!—মা আমার, আজ তোর নব অভ্যুদয়!
সে আনন্দ গরজিছে,—জয় জয় এশিয়ার জয়।

৪

কদিনের এ জাপান? সভ্যতার কবে এ বিকাশ?
কি ভাব? কি ভাষা?—ছিল জাতির কি হেন ইতিহাস,
যাহে ভাবী গৌরবের চিহ্ন কিছু গিয়েছিল দেখা?
না, ইহারা সদ্যস্থষ্ট, ভাগ্যচক্রে উঠে এল একা
জ্বলন্ত গ্রহের মত, আত্মতেজে আপনি অধীর,
নাই ত্রুটি, নাই দৈন্য, হেরি' বিশ্ব নোয়াইল শির?
তারই সাথে মনে পড়ে ভারতের নব অভ্যুদয়
সে আনন্দ গরজিছে,—জয় জয় এশিয়ার জয়।

৫

কাহাদের বাহুবল সংগঠিত হৃদয়ের বলে,
সংযমী সাধক ত্যাগী কারা উগ্র তপস্যার ফলে,

ধর্ম্ম কাহাদের কর্ম্মে জেগে থাকে ধ্রুবতারা মত,
দর্পে কারা নহে স্ফীত, অবিচার-অবমানে নত,
কারা হেন শক্তিধর, বিশ্বস্পর্দ্ধী জয় অগণন
পারে নির্ব্বিকারচিত্তে অনায়াসে করিতে গ্রহণ,
কাহাদের দেশহিত, নহে দম্ভ, কিম্বা পায়ে ধরা,
যার কাজে ঘরে ঘরে মৃত্যু তরে পড়ে গেছে ত্বরা !

৬

মিত ভাষা, ক্ষিপ্র কর্ম্ম, সৌভ্রাত্র ঔদার্য্য অতুলন,
মিষ্ট শিষ্ট গৃহে কারা, বহিঃরঙ্গে দুর্জ্জয় ভীষণ,
দ্বন্দ্ব-শেষে কারা ভুলে প্রতিহিংসা ঘোর বৈরিতার,
ক্ষমা-প্রেমে করে কারা অরাতিরে চির আপনার,
নাই ভীরু পলাতক অবিশ্বাসী কাহাদের ঘরে,
বীরপ্রসূ অন্তঃপুরে ক্ষমা নাই কাপুরুষ তরে,
ছিন্ন করি আলিঙ্গন পতি-পুত্রে আপনার হাতে
সাজায়ে পাঠায় কারা মৃত্যুশুভ্র যশের সভাতে !

৭

কাহাদের রাজতন্ত্র পীড়নের যন্ত্রসম নয়,
রাজভক্তি প্রজাপ্রীতি একথাতে একসাথে বয়,
রাজার প্রাসাদ হতে তুচ্ছতম দীনের কুটীরে
ঐক্যে সখ্যে পূত মন্ত্র বাজিতেছে অন্তরে বাহিরে,

কাহাদের গৃহস্থালী ধনধান্যে স্বাস্থ্যে উদ্ভাসিত,
শিল্পসজ্জা পণ্যভার দেশে আর বিদেশে পূজিত,
কাদের বাণিজ্যতরী উড়াইয়া বিজয়কেতন
সগর্ব্বে সর্ব্বত্র ফিরি করিতেছে সৌভাগ্য কীর্ত্তন!

৮

কাহাদের শিক্ষা দীক্ষা দেশান্তরে লভি নববল
স্বজাতির স্বদেশের—জগতের করে মুখোজ্জ্বল,
কাহাদের শ্রেষ্ঠাশ্রেষ্ঠ নহে গণ্য ধনে আর কুলে,
মহিমার সিংহাসন গুণীজনে শিরে লয় তুলে'।
যে দেশের এই জাতি—সে যে আদি আলোকের ঠাঁই,
রাজপুত্র ভিক্ষু সত্য লাগি—এ যে সেই দেশ ভাই!
তার সাথে মনে পড়ে মা তোমার নব অভ্যুদয়,
সে আনন্দ গরজিছে জয় জয় এশিয়ার জয়!

৯

ধন্য ধন্য বীরভূমি, ধন্য ধন্য হে বীরের জাতি,
জয় হোক্, জয় হোক্, চিরদীপ্ত থাক্ যশোভাতি,
আবার আসুক্ শান্তি দ্বন্দ্ব শেষে পরম মঙ্গল,
পুন তব গৃহে গৃহে উঠুক্ আনন্দকোলাহল,
ধনধান্যে থাকো পূর্ণ, প্রীতিপুণ্যে অক্ষুণ্ণ সতত,
সমস্ত বিশ্বের শিরে শোভা পাও কিরীটের মত,

মহোজ্জ্বল অতীতের অনাদৃত ভ্রংশ-ধ্বংসোপরে
তোমারে সম্মুখে করি এশিয়া দাঁড়াক্ গর্ব্বভরে !

১০

কালের বিবর্ত্তে ঘুরি ভাগ্যরেখা পূবে এল সরি,
হারায়ো না স্থিরলক্ষ্য মিথ্যা আর স্বার্থ অনুসরি
প্রাচীর আদর্শ-শুভ ! —পশুদেরও আছে বাহুবল,
মনোবল মানুষের সত্যলব্ধ তপস্যার ফল।
বিধাতার অনুকম্পা গলাইলে যে সাধন-গুণে,
খেলিও না তাহা ল'য়ে, ভস্ম হবে আপন আগুনে !
পড়িয়ো না রাজরোষে, কত রাজ্য চূর্ণ হল যা'য়,
মহাসম্রাটের সেই দণ্ড যেন পড়ে না মাথায় !

১১

ভারতের শুকতারা, এশিয়ার প্রজ্জ্বলিত আশা,
আরও জ্বলো আরও জ্বলো, মঙ্গলের বাড়ুক পিপাসা !
পর-ধন-মান-রাজ্যে হিংসা লোভ ধ্বংসের কারণ—
সনাতন প্রাচ্য-নীতি চিরদিন রাখিয়ো স্মরণ !
—গর্ব্বস্ফীত শিশু-জাতি, গুরু যদি না মান ভারতে,
ভাই বলে' কোল দাও—তার গূঢ় মহা ভবিষ্যতে !
আজ বড় মনে পড়ে', মা, আমার, তোর অভ্যুদয়,
সে আনন্দ গরজিছে জয় জয় এশিয়ার জয় !

অম্বা

কাশীরাজ-কন্যাত্রয়ে ভীষ্ম যবে তুলিলেন রথে,
স্বয়ম্বর সভাগত রাজগণ চারিদিক হতে
উঠিলা গর্জ্জন করি, ভীষ্মে বেড়ি' আরম্ভিলা রণ,
দুর্জ্জয় শান্তনুসুত একা সবে করি নিবারণ,
চলিলা হস্তিনাপথে, দেখিলেন, রথ আলো করি
বসি তিন অনিন্দ্য সুন্দরী!

কহিলেন সসম্ভ্রমে সম্বোধিয়া রাজকন্যাগণে,
'দিলাম অনেক ক্লেশ অনিচ্ছায় আজি অকারণে,
ক্ষত্রিয়ের অপরাধ, নাহি তার যুদ্ধের বিচার,
কি বাসরে, কি শ্মশানে সমভাবে মুক্ত তরবার!
হের, আর শঙ্কা নাই, বহুদূরে রহি রাজগণ
করিতেছে ব্যর্থ আস্ফালন!'

উত্তরিল বয়োজ্যেষ্ঠা, রূপে গুণে সবার প্রধানা,
'আমরা ক্ষত্রিয়কন্যা, ক্ষাত্রধর্ম্ম আছে কিছু জানা,
দেখেছি বীরত্ব বহু, দেখি নাই, কভু শুনি নাই,
হেন শিক্ষা, সুপ্রয়োগ, লঘু ক্ষিপ্র হস্ত শস্ত্রে, তাই

বিমুগ্ধ হৃদয় শুধু বিস্ময়ে সম্ভ্রমে থর থর্,
ভয়ে নহে, জেনো বীরবর !

তুমি ভীষ্ম ?—আজ বুঝিলাম। শুনেছিনু তব নাম,
পাষাণপ্রাচীর ভেদি তোমার উজ্জ্বল গুণগ্রাম
রাজ-অবরোধে পশি পশেছিল দীনার শ্রবণে,
—প্রগল্‌ভারে ক্ষমা কর, কাজ নাই তার আলোচনে।
তুমি ভীষ্ম ?—এবে শুধু লভি তব পুণ্য দরশন
চরিতার্থ অম্বার নয়ন !'

উত্তরিল পরন্তপ, 'খ্যাতি ক্ষুদ্র, কর্ত্তব্য মহান্,
তাই আজ স্পর্দ্ধা ছাড়ি তৃপ্তিমাঝে ডুবিয়াছে প্রাণ।
ভ্রাতা মোর সহৃদয়, গুণী জ্ঞানী রাজ-অধিরাজ,
তোমরা ললনারত্ন যোগ্যহস্তে পড়িলে গো আজ,
তাই ভাবি', ভ্রাতৃসুখে, তোমাদের নব ভাগ্যোদয়ে
আমি শুধু সুখী, সহৃদয়ে !'

উত্তর করিল অম্বা, 'বড় শক্ত ভাগ্যের নির্ণয়,
সবারই প্রকৃতি ভিন্ন, তাই কেহ ধনে তুষ্ট হয়,
জ্যোৎস্না নামে তোমার গুহায়!
আজি কি মধুর রাতি, পঞ্চ প্রাণে পঞ্চ বাতি,
ডেকে লও মোর আরতিরে,
সাগর, মিনতি করি, ধীরে—অতি ধীরে।

আমি স্তব্ধ বসে' নগ্নকায়ে,
চোখ কাণ যেতেছে জুড়া'য়ে !
স্বপ্নমগ্ন বালুস্তর, সুপ্তিমগ্ন চরাচর.
পশ' মোর মর্ম্মতল চিরে,
সাগর, মিনতি করি, ধীরে—অতি ধীরে

(৭৩)

পুচ্ছ তুলে' বড়বা সব ছুট্‌ছে হ্রেষা রবে
ছিঁড়ে বল্‌গা-ফাঁসি,
লাফে লাফে ডিঙ্গিয়ে বেড়া আস্‌ছে কূল ভাঙ্গ্‌তে খুরে,
মুখে ফেনার রাশি !
না, আবার হয় সিন্ধু মথন ?—ঐরাবত, উচ্চৈঃশ্রবা
উঠ্‌ছে পাথার কেটে,
সুধাভাণ্ড সাথে উঠ্‌বে নবীন চন্দ্র, নূতন লক্ষ্মী
কোন্ তরঙ্গ ফেটে !
বৃদ্ধ চাঁদটি গড়িয়ে পড়্‌বে তোমার গভীর গহ্বর-তলে
চিরদিনের মত,
তারার ভাতি নিভে যাবে, রূপবতী নারীর যেন
যৌবন মর্ম্মাহত !
গাঁথা হবে নূতন তারায় তখন নূতন নিশির তরে
আর এক মণিমালা,
নূতন চাঁদের মায়া-ফাঁদে হাস্‌বে নওরতনের সভা,
স্বর্গ-রঙ্গশালা !
উঠ্‌বে না কি তুমি সিন্ধু, হারানিধি গোরাচাঁদে
হঠাৎ কোলে করে' ?
তোমার মতই আকাশ-ধরা প্রেমতরঙ্গ বইয়েছিল,
গেছে সে ঢেউ মরে' !

ভাব-সাগরে পড়্‌ল চড়া, বিশ্বাসের বুক শুকিয়ে আজ
অস্থিচর্ম্মসার,
আন্‌বে না কেউ রসিক নাগর, কাদাভরা শুক্‌নো ভাঁটায়
নয়া-জলের জোয়ার ?
মিছে সাধা, মিছে কাঁদা, রাজা তুমি আজ্‌কে কাঙ্গাল,
নাই ত, কিছু নাই,
জ্যোৎস্না মায়ার সুড়ঙ্গ্‌ কেটে ঢুক্‌ল তোমার সজাগ ঘরে,
লুঠ হল যে ভাই !

(৭৪)

মধু রাতে এ কি রূপ ধর্‌লে পারাবার?
আবার দেখি, আবার দেখি, আবার দেখি, পাথার!
সুড়ঙ্গ-তলের শিস্‌মহলে রংমশালের সারি জ্বলে,
উঠ্‌ছে গীত—গড়ে উঠ্‌ছে পাগল মনোরথ,
যেন তোমার জলতরঙ্গের আমি একটি গৎ!

পাতালে আজ মহামহোৎসব,
হাঙ্গর-তিমি কর্‌ছে কলরব!
পাখাওয়ালা মাছের ঝাঁক হাউইর মত দেখিয়ে জাঁক
উড়ে' উড়ে' পড়ে ঘুরে', পাথারে দেয় সাঁতার,
উভচর আজ দু'জনের মন রাখ্‌ছে বারবার!

কক্ষে কক্ষে মণিপ্রদীপ জ্বালা,
ধারাযন্ত্রে গন্ধবারি ঢালা,
নাগবালা আর মৎস্যনারী আলো হাতে দিচ্ছে সারি,
জলচর সব ফিরে না ত আর শিকারের খোঁজে,
চাঁদের সুধায় বসে' গেছে সবাই প্রীতি-ভোজে!

আজ তোমার নওরতনের দেশে
চাঁদ ঢুকেছে যাদুকরের বেশে!
চাঁদ ভেঙ্গে যে কুটি কুটি চাঁদে চাঁদে লুটোপুটি,
মুগ্ধ নিখিল এল নেমে নিশির তীর্থস্নানে,
সাগর ধায় আজ জ্যোৎস্না হ'য়ে মহাসাগর পানে।

(৭৫)

হাসে রে ওই পূর্ণিমার সাগর !
চাঁদ বেঁধেছে সাগর-জলে ঘর ।
কালো জল আজ আলো হ'য়ে ঢেউ তুলে' যায় কোথা ব'য়ে,
কাহার কাছে যাচ্ছে ল'য়ে কিসের সুখবর ?
কতই রূপ কত ভাগে, কত যে দ্বীপ বুকে জাগে,
কত না পোত ভাসে, লাগে, ডোবে ছিঁড়ে' নোঙ্গর,
হাসে রে ওই পূর্ণিমার সাগর !

কত দেশের পদধূলি, কত জাতির কোলাকুলি,
যাচ্ছে কোলাহল তুলি' ধর্‌তে নীলাম্বর,
ঢেউগুলি আজ টলে' টলে' এ ওর গায়ে পড়ে ঢলে',
পড়্‌ছে জল গলে' গলে' আজের সুধাকর ;
চাঁদ বেঁধেছে সাগরজলে ঘর ।

এপার ওপার মিটিয়ে দ্বন্দ্ব চাঁদ করেছে সেতুবন্ধ,
কোথা পড়ে' আছিস্ অন্ধ, চড়্‌গে সেতু'পর !
মাথার উপর পাথার যুড়ি' শাদা মেঘ সব যাচ্ছে উড়ি',
স্বপন বুনে চাঁদের বুড়ী, বিবশ চরাচর,
হাসে রে ওই পূর্ণিমার সাগর !

তারায় তারায় কি গান বয় ?— চাঁদের নব যৌবন হয়,
রূপের পদ্ম হ'য়ে বেরোয় ফেটে নভ-সর !
না, আজই চাঁদ হল সৃষ্টি ? বাতাস কর্‌ছে পুষ্পবৃষ্টি,
প্রেমের চুমার চেয়েও মিষ্টি আজ্‌কে চাঁদের কর,
হাসে রে ওই পূর্ণিমার সাগর !

এ কি জগৎ-ভোলা তৃষা, হারিয়েছিলাম সকল দিশা,
কখন পালিয়ে গেছে নিশা চিরে জলের স্তর,
সারা রাতের বাসর যাপি' সাথে ল'য়ে রূপের ঝাঁপি
ওই যে রে চাঁদ পড়ে ঝাঁপি' কাঁপি' থর থর !
চাঁদ বাঁধ্‌ল সাগর-তলে ঘর।

(৭৬)

সাগর, আবার কবে আস্‌বে জোয়ার ?
এক জোয়ারে এপার এলাম, আর জোয়ারে যাব ওপার !
এই যে লাগাবাঁধা ভাঁটা, কাঁকর-কাঁটার পথে হাঁটা,
চুকিয়ে দাও এ কাদা ঘাঁটা, জোয়ার আন' আবার,
এই যে গোলকধাঁধায় ঘোরা, মাটীর যত ভাঙ্গা-চোরা,
এ সব ছোট ওঠা-পড়ায় মন ওঠে না আমার !
সাগর, আবার কবে আস্‌বে জোয়ার ?

কখন চাঁদটী বাড়ায় তোমায়, পাথার ?
বল, আমায় বল একবার !
জানি, তোমার নাই সীমানা, জানি, তোমার নাই মোহানা,
আমার মত নদী-নালা অনেক আছে তোমার,
একটি দাবী তোমার ওপর— আমি ত নই তোমার পর,
জন্ম জন্ম শুধ্‌ছি তোমার ধার !
সাগর, এবার আস্‌বে না কি জোয়ার ?

অনেককাল ছাড়াছাড়ি তোমার সাথে আমার,
চিন্‌তে এখন পার কি হে আর ?

জল-জোনাকি হ'য়ে আমি ঘর করেছি তোমার, স্বামী,
ঝিনুক, শামুক, শৈবাল কতবার,
শশ-জ্যোৎস্নাটির ধরে' হাতে ধায় প্রাণ তাই তোমার খাতে
উদয় যেথা জেগে—সেই অস্তশিখর পার,
এক জোয়ারে এপার এলাম, আর জোয়ারে যাব ওপার!

(৭৭)

ও ঢেউ, আমায় তরাও, আমায় তরাও,
নোঙ্গর-তোলা পোতে তোমার চড়াও, ওগো চড়াও!
আমার ফুটো ডিঙ্গীখানায় জল ভরেছে কানায় কানায়,
ঘাটে এসে ডুবে গেল এত সাধের ভরা,
পার কর গো দয়াল, আমায় পার কর গো ত্বরা!

দিবারে কে বেচে এল হঠাৎ নিশার হাটে,
চাঁদের বুড়ী চর্‌কা হাতে আলোর সূতা কাটে।
ও পারের ওই দেব-ঘরে প্রদীপ জ্বলে থরে থরে,
কাঁসর-ঝাঁঝর উঠ্‌ল বেজে ধূপের গন্ধ ভরা,
পার কর গো দয়াল, আমায় পার কর গো ত্বরা!

কোন পূজারী নাচে সেথা ধুপ্‌তি নিয়ে হাতে,
নূপুর বাজে রুণু রুণু তালে তালে সাথে!
পাঁচপরাণ পাঁচ-প্রদীপ জ্বালি' সঙ্গে নিয়ে এল খালি,
ওপার থেকে বাজায় কে শাঁখ ডাকটি পাগল-করা,
পার কর গো দয়াল, আমায় পার কর গো ত্বরা!

ঘণ্টা বাজে, ডেকে ওঠে ওপার-ধাওয়া বান,
নাবিক, তোমার পারের ভেলায় একটু দাও না স্থান।
বাদ্‌লা রাতে ভাস্‌বে ভেলা, মাত্‌লা হাওয়া মার্‌বে ঠেলা,
এ জোয়ার যায় ওপার পানে জীয়িয়ে নিয়ে মরা,
পার কর গো দয়াল, আমায় পার কর গো ত্বরা!

দেখ্‌বে পথে কত দ্বীপ যাদুর মত জাগে,
ধরাও যদি জাহাজ সেথা, আমার দিব্বি লাগে !
সহর-বন্দর পিছু করে' যেও খাড়া পাড়ি ধরে',
উঠ্‌ল ওপার-ধাওয়া জোয়ার সকল দুঃখ-হরা,
পার কর গো দয়াল, আমায় পার কর গো ত্বরা !

(৭৮)

ওপারের ঢেউ এ পারের গায় আশীষের হাত বুলায়,
এ পারের ঢেউ গড়িয়ে গড়িয়ে ওপারের পা ধোয়ায়।
কে জানে কোন্ প্রাণের টানে, কি কথা হয় কাণে কাণে,
তরঙ্গের সে তাড়িৎ-জ্বালা কিসের বার্ত্তা বয়!
স্বর্গে মর্ত্ত্যে এই প্রথায় কি মনের কথা হয়?

জড়ের ভাষা বুঝ্‌তাম যদি, জান্‌তাম নিজের কথা,
জড়ের শিরায় রক্ত নাচে, বুঝ্‌তাম তাহার ব্যথা!
জীবের শুধু মিছে বড়াই, যেমন চড়াই, তেম্‌নি উৎরাই,
পাঁচ-মিশালো ফুলে সে যে বাঁধা একটী তোড়া,
পাঁচটি ধাতু দিয়ে যেন একটি রতন মোড়া!

জীবন-পাঁপড়ি পড়ে খসে', খোস্‌বো যায় উড়ে,
বোঁটা শুধু কাঁদে পড়ে' কালের আস্তাকুঁড়ে!
সে কাঠামোও হয় শেষে ছাই, জড় ও জীবের এক গতি ভাই,
দুইয়ের মাঝে রশি টেনে মিছে টানা দাগ,
পাঁচভূতে নেয় দু'দলকেই সমান করে' ভাগ!

পাথার, তুমি জীব না হ'য়ে হ'লেই না হয় জড়,
তোমার পায়ে হাজার বার করি আমি গড়!
সাপের মত খোলস্ আমার বদ্‌লাতে হয় কত না বার,
আমার আছে আধি-ব্যাধি, জন্ম আর মরা,
তোমার ত নাই উদয়-বিলয়, শুক্লকেশ জরা!

শেষে একদিন সে কোন্ এক মহাঝঞ্ঝার পরে
তোমায় আমায় দেখা হবে কালের যাদুঘরে !
আমার কঙ্কাল ঠেকে' পায়ে কাঁটা দেবে তোমার গায়ে,
গত-কাল সব উঠ্‌বে ভেসে সে দিনের মাঝখানে !
তোমায় আমায় চির-মিলন ঝড়ের অবসানে !

(৭৯)

ধেই ধেই আজ নাচে সে সাগর,
নাচে যেন ক্ষ্যাপা দিগম্বর !
নাচে সাথে শ্মশান-সেনা, বেরিয়ে গেছে মুখে ফেনা,
মত্ত বৃষভ গর্জ্জে গর্ গর্,
নাচে রে ওই ক্ষ্যাপা দিগম্বর !

নাচ্‌ছে সাথে রবি-সোম, নাচে মরুত, নাচে ব্যোম,
যুগ যায় ? না, আসে যুগান্তর ?
ফেনার ফণী—জড়িয়ে জটা কণ্ঠে নীলের গরল-ছটা
ভালে ধক্ ধক্ শিশু শশধর,
নাচে রে ওই ক্ষ্যাপা দিগম্বর !

এ তাণ্ডবের মহা নাটে ভেঙ্গে এল রতন-হাটে
সওদা করতে বিশ্ব চরাচর !
ঈশান-কোণে জ্বল্‌ছে নিশান, ঈশান আবার বাজায় বিষাণ,
সৃষ্টি-শিশু কাঁপ্‌ছে থর থর,
ধেই ধেই আজ নাচে রে সাগর !

মহা ঊর্দ্ধে বাহু তোলা, যোগানন্দে মগন ভোলা,
রূপে ফুটে' উঠ্‌ছে হরি-হর !
আসে কালের সিদ্ধি খেয়ে টল্‌তে টল্‌তে কোথায় ধেয়ে,
পড়্‌তে কাহার পাদপদ্ম 'পর ?
ধেই ধেই আজ নাচে রে সাগর!

(৮০)

জিলিক্ দিয়ে মেঘ উঠ্‌ল সেজে,
মেরু হ'তে ঝড় আস্‌ল তেজে !
বালিরাশি উড়্‌ছে তীরে, বারিরাশি সুগভীরে,
কিরণ-যন্ত্রে তার খসিয়ে যন্ত্রী গেছে ভেগে,
পাখীর পাখা গুটায় যেমন বাদল-গন্ধ লেগে !

আকাশ খালিই মাখ্‌ছে তোমার কালি,
বিজ্‌লী দিচ্ছে আলোর করতালি !
শোঁ শোঁ শোঁ শোঁ শ্বাসে কা'র নিবৃছে বাতি বার বার,
জলের তাড়িৎ লড়াইর ঝোঁকে যত উঠ্‌ছে মেতে,
নভের আগুন দিচ্ছে সাড়া মেঘে আড়ি পেতে !

চুপটি মেরে ভালমানুষ আকাশ
নিজের অধিকারে করে বাস,
ঢুকে' তাহার বারুদখানায়, আগুন দিয়ে কে আজ পালায় !
ছুট্‌ছে পাছে পাগ্‌লা বাতাস মেঘের কটক কেটে,
গুম্ গুম্ গুম্ কামান !—গেল আকাশ পাতাল ফেটে !

(৮১)

ওপরের ঢল্ গলেছে আজ নীচের জল ছুঁয়ে,
রভসে তার অবশ দেহ পড়্ছে নুয়ে নুয়ে!
ঝর্ ঝর্ ঝর্ ঝরে ধারা, প্রহর-পল গুলিয়ে সারা,
মেঘের লেপটী মুড়ি দিয়ে আলো আছে শুয়ে,
ওপরের ঢল্ গলেছে আজ নীচের জল ছুঁয়ে!

গারোদ ভেঙ্গে পাগ্লা বাতাস ছুটে' আস্ছে পাতাল,
বাজ্ছে ঢোল, হাসির রোল, দোল খেল্ছে মাতাল!
হচ্ছে ঢেউয়ের ঝুলন-খেলা, তুফান মারে দোলায় ঠেলা,
খুসির আবির মেখে মেখে তিনটি ভুবন লাল,
বাজ্ছে ঢোল, হাসির রোল, দোল খেল্ছে মাতাল!

হুহু করে' ফাগের মত উড়্ছে ঘুর্ছে বালি,
সর্-সর্ সর্ চল্ছে রং, পিচ্কারী হয় খালি!
মেঘের আগুন গুলে' জলে হোরি খেল্ছে লাখ্ পাগলে,
বুকের রক্ত ঢেলে ঢেলে রাঙ্গিয়ে দিচ্ছে কালি,
সর্ সর্ সর্ চল্ছে রং পিচ্কারী হয় খালি!

যেথায় মরণ লাজে মরে নবজীবন পাশে,
সেথান থেকে ঢল্ নেমেছে পাথার, কি তোর বাসে?
ঢেউয়ের চাকায় ঘুরে' ঘুরে' যাব দূরে—অনেক দূরে,
উঠ্ব বা এক কুহুর দেশে নূতন মধুমাসে—
যেথান থেকে ঢল্ নেমেছে তোমার জলবাসে!

(৮২)

নিদ্রায় চমকি উঠি !—না জানি কখন
ছেড়ে যেতে হয় তোর সোণার বাতাস,
একটি নিশ্বাসে চায় মর্ম্মের হুতাশ
মর্ম্মে টেনে নিতে সেই মৃতসঞ্জীবন !
পরাণের কক্ষে কক্ষে আঁটিয়া কুলুপ—
মনে হয়ে, বাঁধি এরে থরে থরে থরে,
প্রতি-পল পরিচিত সে স্নিগ্ধ অরূপ
নিয়ে গিয়ে ছেড়ে দিই দূর দেশান্তরে ;
যতদূর লাগে—যায় সুশীতল করি,
লাফে লাফে বেড়ে চলে জীবনের আয়ু,
শ্লথ শিরা-উপশিরা, ছিন্নভিন্ন স্নায়ু
আনন্দে বাজিয়া উঠে শিহরি শিহরি !
প্রতি স্পর্শে জুড়াইছে আত্মার বেদনা,
শব্দে ঘ্রাণে প্রাণে প্রাণে আনন্দ-চেতনা ;

(৮৩)

বল কি, অ্যাঁ! এরই মাঝে বিদায়ের ঘড়ি বাজে ?
হাত ধরে' টানে অবসান!
টিট্‌কারী দিয়ে কয়,— স্বপ্ন শুধু স্বপ্ন নয়,
অসীমেরও আছে পরিমাণ!
সকলেরই আছে মাত্রা, আজ ফিরে-রথযাত্রা
ছক-কাটা দাগা-পথ দিয়া,
কি ফেলিয়া কি চেয়েছি, কি খুঁজিতে কি পেয়েছি,
দেখা ত তা হ'ল না বুঝিয়া!
সুধাপান সুরু মাত্র, কে কাড়িল পূরা-পাত্র,
কে ভাঙ্গিল সাধের পেয়ালা ?
তোমারে ধরিতে এসে চলে' গেছি স্রোতে ভেসে,
ভাসে যথা স্রোতের শেয়ালা!
আজ স্মৃতি-সিঁড়ী বেয়ে তব গীতি উঠে ছেয়ে,
মধু, মধু, শুধু তাহা মধু!
এ মধু সে মধু নয়, প্রাণে প্রাণে সূর্য্যোদয়,
জীবনের সুপ্রভাত, বঁধু!

অন্তরের অন্তস্থল প্লাবিয়াছে তীর্থজল,
স্নানে পানে ঘ্রাণে স্বর্গ জাগে,
যেন তার আগমনে ব্রহ্মাণ্ড ফুটিল মনে,
সহসা সে অবসর মাগে,

কদম্ব-তমাল-তাল, ধবলী-শ্যামলী-পাল
ফলেছিল এ অতল-তলে,
ফেনের প্রচ্ছদপট খুলে' তাজা বংশীবট
দেখালে সে নদে'র পাগলে!
হেরি' জলে বিশ্বনৃত্য ভরিল ভক্তের চিত্ত,
টানিল সে ঝুলনের রশি,
আপনারে মজাইয়া, ব্রজগোপী সাজাইয়া
পড়ে' গেল পাদপদ্মে খসি'!
আজ পড়ে' বালি মাঝে সে কাহিনী প্রাণে বাজে,
চোখে মোর থামিছে না ধারা,
উঠে মনে স্মৃতি চিরে'— ডেরা বাঁধি তব তীরে
হয়েছিনু ঢেউ মাঝে হারা!
বর্ষায় গুটায়ে পাখে পাখী পাতা-ঢাকা শাখে
ঝিমে যথা উড়াল ভুলিয়া,
তেমনই ছিলাম মরে', উঠাইলে তাজা করে',
দিলে মোরে আকাশে তুলিয়া।
মনে পড়ে, আঁখি মেলি' প্রভাতের জলকেলি,
দ্বিপ্রহরে ঢেউ-দোলে দোলা,
অপরাহ্নে বালি মেখে তোমার বাগান থেকে
ঝিনুক-শামুক-ফুল তোলা!
ফণী-মণী যেন কাড়ি'— জ্যোতি-কীট এনে বাড়ী
রাঙ্গাতেম অন্ধকার ঘর,

সে জল-জোনাকি ধরে' 'উড়ে'-মেয়ে টিপ্ পরে'
সন্ধ্যারে করিত মনোহর !
'পম্‌ফ্রেট' ধরে জেলে, দেখিতাম, তীরে ছেলে
বালু খুঁড়ে' কাঁক্‌ড়া কুড়ায়,
শেষ গর্জ্জে রুক্ষ বাণী, হেরি তার হাতছানি,
আসি সিন্ধু, বিদায়, বিদায় !
যেথা যাব, পাছে থেকে আর্দ্র বায়ু যাবে ডেকে
অঙ্গে মাখি' সলিল-সৌরভ,
জল-স্বপনের ঘোর লেগে রবে চক্ষে মোর,
কাণে জেগে রবে শোঁ শোঁ রব !

যখনই মোদের নভে ঘোর ঘনঘটা হবে,
বজ্র তার ঘোষিবে বিক্রম,
প্রাণ ডাকে হুঙ্কারিবে, কালো দেখে শিহরিবে,
মত্ত নৃত্যে ধরিবে পেখম !

গৈরিক

গৈরিক

হিমালয়ে সাত বৎসর পর।

(১)

নীলে ধবলের চূড়া!—মৃত্যুত্থিত জীবনের মত
দৃশ্য এক দেখিলাম, সসম্ভ্রমে হইনু প্রণত;
দ্রব হ'য়ে গেল চিত্ত, দেখিলাম একি নেত্র-আগে,
বিস্ময়?—আনন্দ?—স্বপ্ন?—চিন্তা ঊর্দ্ধে—মহা ঊর্দ্ধে লাগে।
সৃজন-প্রত্যূষে কি এ বিরাটের বিরাট কল্পনা,
আপনি দেখিয়া মুগ্ধ আপনার অপূর্ব্ব রচনা
বুঝি সে কবির কবি!—করেছিলা পার্থ ছিন্ন মায়া
হেরিয়া যে রূপোচ্ছ্বাস, তাহার কি সম্বৃত এ ছায়া?
কেমনে বাখানি আমি, রূপ, না এ আঁখির গৌরব?
প্রাণে প্রাণে এ কি নৃত্য, অঙ্গে অঙ্গে এ কি কলরব!

(২)

প্রলয়ের তম নাশি' নিরাকার রচিলা আকার,
মহাসূর্য্য রচি' শেষে করিলেন বৃদ্ধি খণ্ড তার;
সেই জ্যোতি-পিণ্ড হ'তে হিমাদ্রি কি খসিল তখন
রবি-কক্ষচ্যুত পৃথ্বী জন্মক্ষণে করিতে ধারণ?

এ কি নিসর্গের পিতা, যাহা হ'তে প্রথম প্রকাশ
জড় জগতের—হ'ল কঙ্কালের লাবণ্য বিকাশ?
তার পরে এল বুঝি ধরণীর জীবজন্তু-মেলা,
সুখ-দুঃখ, আশা-ভয়, জীবজন্মে যত লীলা-খেলা!
জন্ম-মরণের মাঝে দাঁড়াইয়া অমর পাষাণ
মহা-মিলনের লাগি' রচিছে কি পারের সোপান?

(৩)

হিমের এ দেবভূমে উঠিল প্রথম সামরব,
গীতার অগীত গাথা কল্পনায় পাইল মানব,
এই ত শিবের গৃহ, মঙ্গলের আদি নিকেতন,
কাম ভস্ম এইখানে—প্রকৃতির প্রবৃত্তি-শাসন।
মানবের উগ্র তপ শিক্ষা এই তুহিনের ঘরে,
প্রকৃতি প্রহরী সম আছে জাগি' যুগ-যুগান্তরে
ধ্যান নাহি ভাঙ্গে যাহে, দূর করি বিঘ্ন আধি-ব্যাধি
কত মুক্তি পিপাসুরে মিলাইছে দুর্ল্লভ সমাধি!
আজও অভেদের মন্ত্র এ আশ্রমে করে উচ্চারণ
প্রতি বৃক্ষ, প্রতি লতা, গুরু বেড়ি' যেন শিষ্যগণ!

(৪)

হিমের আলয়ে কবে এল তীব্র হৃদয়-বিকার,
প্রকৃতির মাতৃলীলা,—আনন্দের আকুল ঝঙ্কার

স্নেহে সিক্ত 'আগমনী' বাহিরিল ফাটিয়া পাষাণ !
দুগ্ধ ক্ষরে স্তনে স্তনে, পিপাসিত দুহিতার প্রাণ
যুগে যুগে উঠে নাচি'। পুন দেখি কাহার কুহকে
পাষাণের বুক ফাটি' রক্ত উঠে ঝলকে ঝলকে !
ছিঁড়েছে স্নেহের মর্ম্ম ; বিজয়ার সকরুণ মায়া
কখন মিলন মাঝে ফেলেছিল বিরহের ছায়া ?
শুকায় নি, শুকায় নি অশ্রুর সে অবিরল ধারা,
আজও ঘরে ঘরে মাতা হারাইছে নয়নের তারা !

(৫)

কোথা গেল সেই যুগ, সে যুগের আকাঙ্ক্ষা, সাধনা ?
দেবাদ্রি, আশ্রমে তব বিলাসের এ কি আরাধনা !
বাষ্পোদ্গারী মায়া-যান কবে বক্ষ করিয়া বিদার
ভেঙ্গে দিল শান্তি-স্বপ্ন, সমাধির স্তব্ধতা তোমার !
বিহারের লীলাভূমি, ছিলে তুমি তপস্যার স্থান ;
বিলাসী সেজেছ আজ, সে কালের সন্ন্যাসী পাষাণ !
তোমার শারদ জ্যোৎস্না, হের, তারে করি বিমলিন
বিজলী হরিছে তম, স্বভাব সভ্যতা-ধূমে লীন !
চূর্ণ প্রব্রজ্যার গুহা, মহাত্মারা কোথা অন্তর্হিত,
ঘোরে রাজনীতি-চক্র তপোবন করি মুখরিত।

(৬)

তবু বড় ভালবাসি তোমারে হে সুন্দর পাষাণ,
তুমি কর দেহ-মনে স্বাস্থ্য আর সৌন্দর্য্য বিধান,
তোমার শীতল-বাসে জুড়ায়েছি কতই না জ্বালা,
ভুলি' গৃহ-পরিবার দেখেছি ও শোভা-চিত্রশালা
শৃঙ্গে শৃঙ্গে বিচরিয়া বাধমুক্ত কুরঙ্গের প্রায় !
ছেড়ে গেছি তোমা যবে, প্রাণ নাহি লয়েছে বিদায়।
তাই দেহ বন্দী যবে বঙ্গের শ্যামল সমতলে,
প্রাণে ও বন্ধুর রূপ দিবাস্বপ্নে পশিত বিরলে !
মেটে নি অনেক আশা, জীবনে পূরে নি বহু সাধ—
কি হয়েছে,তব কাছে পেয়েছি ত জীবনের স্বাদ।

(৭)

আরও ভাল লাগে তোমা, যবে চেয়ে হিমানীর পানে
ওই মত তুঙ্গ, শুভ্র পূর্ব্বকীর্ত্তি জেগে ওঠে প্রাণে ;
কে বলে তাদের ক্ষুদ্র ছিল দীপ্ত যাদের অতীত ?
তুমি সাক্ষী হে অচল, আছে সবে পাষাণে অঙ্কিত ;
দুরাশে তোমারে সাধি, জড়ের জড়তা যদি টুটে,
পতিতের কাতর আহ্বানে শিলা যদি ভাষা হ'য়ে উঠে !
আঁখিরে ডুবায়ে ঊর্দ্ধে নীলের নিবিড়তম স্তরে
আসিলাম বুঝি কোন রহস্যের অসীম সাগরে !
ভুলিলাম রাজা-রাজ্য—ঐশ্বর্য্যের সগর্ব্ব ঝঞ্ঝনা,
মনে হ'ল, ভোজবাজী ; খ্যাতি-বৃদ্ধি, শুধু বিড়ম্বনা !

(৮)

মনে পড়ে পূর্ব্বকথা ?—আজ হ'তে সপ্ত বর্ষ আগে
এসেছিল পান্থ কেহ ভগ্ন-প্রাণে, নৈরাশ্যে বিরাগে
তব সৌন্দর্য্যের দ্বারে ; পায় নি কি সুধা এক কণা ?
করেছে সে খেলা শুধু ল'য়ে তার রঙ্গিন কল্পনা !
এ বার ত সংসারের ছাই-মাটী, সুখ-দুঃখ-বোঝা,
পথের সে গুরুভার নীচে ফেলি' উঠেছে সে সোজা
উধাও শিখরে তব ; বুকে তার বালকের প্রাণ,
আজ খোল আবরণ ; দেখা দাও, উলঙ্গ পাষাণ !
শুনাও অব্যক্ত বাণী, হোক্ হিয়া দেবের মন্দির,
কল্পনা স্তম্ভিত হবে, কবিত্ব লুটাবে পদে শির।

(৯)

গৈরিক ঐশ্বর্য্যে আজ দেখা দিলে নিসর্গ-সম্রাট্,
ভাল করে' দেখিলাম তোমার ও শৈল-রাজ্যপাট,
কিবা শৃঙ্গে শৃঙ্গে রচি' মালাকারে অপূর্ব্ব মেখলা
বেড়িয়াছে অনন্তেরে ! ধরিয়াছি নিভৃতে একেলা
তব বৃক্ষে, তব লতা দুই হাতে বক্ষে আঁকড়িয়া
ভুঞ্জিয়াছি প্রাণ-মাঝে প্রাণস্পর্শ। চুম্বিয়া চুম্বিয়া
তব ফুল্ল ফুলদল চাপিয়াছি এ বুকের কাছে,
বুঝিয়াছি, হিম বক্ষে চেতনার তপ্ত রক্ত নাচে !
ও হেমাঙ্গে, ও হিমাঙ্কে বিছাবে কি মোর শয্যাখানি
যেথা শ্রান্ত মেঘদল জুড়াইছে স্নেহকোল জানি' !

(১০)

মহাশূন্যে উঠিয়াছ অভ্রভস্তর করিয়া বিদার
তুষারকিরীটী বীর, বল, সেথা আলো, না আঁধার ?
দেখায় কি সেথা হ'তে লোকাতীত কল্পনার ঠাঁই ?
শোন কি ত্রিদিব-বাদ্য ? না, কোথাও—নাই, কিছু নাই!
জানালে ইঙ্গিতে মৌনি,—আছে, আছে অগতির গতি,
তাণ্ডবের মধ্য দিয়া শৃঙ্খলার শুভ পরিণতি।
তা' না হইলে রেণু রেণু হ'য়ে যেত সে প্রলয়-রাতে
রবি-শশী-গ্রহ-তারা পরস্পর ঘাত-প্রতিঘাতে।
বুঝিনু, শোভাদ্রি, তুমি জীবনের বিজয়-বাজনা,
মরণত্রাসিত বিশ্বে অমৃতের অভয়-ঘোষণা।

(১১)

শিরে তুষারের জটা, পক্ককেশ রাজর্ষির মত
মহাযোগে সমাসীন, বল যোগী, কত যুগ গত ?
পেলে দীর্ঘ তপস্যায় কত বর কত আশীর্ব্বাদ,
তবু তপ ছাড় নাই ! আত্মালগ্ন দেবের প্রসাদ—
যেন সতীদেহ স্কন্ধে চলিয়াছ পাগল মহেশ
আপনার ভাবে ভোর, নাই শ্রান্তি, নাই কোন শেষ।
যুগ যুগ ধরি' তুমি লুটিতেছ স্বর্গের ভাণ্ডার,
সহস্র ধারায় তাহা করে জড়ে জীবনী সঞ্চার ;
তব রস সঞ্চারিত ধরণীর ধূলি স্তরে স্তরে,
তাই তা'র মাতৃস্তনে সুধাধারা স্নেহসম ক্ষরে !

(১২)

কাঞ্চনের তুঙ্গ শৃঙ্গ ধূম্র শৈলে ভাতে অকস্মাৎ,
এ কি স্বর্গখণ্ড, না এ সুকৃতির আলোক-সম্পাত ?
উর্দ্ধে যে তরল নীল তরঙ্গিছে হারাইয়া দিক,
খেয়া দেয় সে পাথারে বুঝি কোন পারের নাবিক !
তব অভ্রভেদী শিরে ঠেকেছিল কবে তরী সাথে
রাঙ্গা পা দুখানি তা'র, সোণা হ'য়ে গেছ শিলা, তা'তে !
হেম, না ও প্রেম-ছবি ? আনন্দের সুপ্ত পারাবার
কল্লোলিয়া উঠে বক্ষে, নরে হয় দেবত্ব সঞ্চার ।
শোভা, না এ মরীচিকা ? লুকাইল পলকে কোথায়,
কাঁদে বক্ষে রূপ-তৃষা,—ভাল করে' দেখিনু না হায় !

(১৩)

সে দিন গগনে ঘটা, মেঘরাজ্যে মেঘ, সুধু মেঘ,
কভু ছায়ারন্ধ্র-পথে কিরণের ক্ষীণ ধারা এক
ঢলিয়া পড়িছে হাসি উপত্যকা-নিহিত প্রান্তরে ;
কুঞ্জে কুঞ্জে ফুল-বন্যা ; ঠিকরিছে ম্লান রবি-করে
নীহারের তাজগুলি বিচিত্রিত শষ্পদল-মাথে ;
এই ডোবে, এই ফোটে লঘু স্বচ্ছ অভ্রের পশ্চাতে
'পাইনের' ঘন সারি, নেসপাতি পেয়ারার গাছ !
অধিত্যকা যেন ছবি, অভ্র বুঝি আবরণ-কাচ ?
দেখিতেছি, ভুঞ্জিতেছি বহুরূপী প্রকৃতির রূপ,
সর্ব্বাঙ্গ পুলকাঞ্চিত, চক্ষে ধারা, বক্ষে হিয়া চুপ ।

(১৪)

তুঙ্গ সিংহাচল-চূড়ে * উঠিলাম ব্যাকুল অন্তরে
গৌরী-শঙ্করের + লোভে ! উঠিয়াছে ধরিতে অম্বরে
ধূ ধূ রজতের শৃঙ্গ, পূর্ণযোগে প্রকৃতি মগনা,
নিবাত নিষ্কম্প নভ, সমাহিত উদ্‌ভ্রান্ত চেতনা,
ঊর্দ্ধ হ'তে এ কি হর্ষ, এ কি স্পর্শ বক্ষে এসে লাগে,
বিশ্বের কি নব মূর্ত্তি, প্রাণে এ কি নব স্ফূর্ত্তি জাগে !
রজতকিরীটী এই হিমাদ্রির কন্দরে নিভৃতে
রজতগিরির মত যোগীন্দ্র কি বসি' সমাধিতে ?
ত্রস্ত, স্তব্ধ, মুগ্ধ গৌরী পূজে পদ প্রেমার্দ্র, তন্ময়,
তপোভঙ্গ-ভয়ভীত চরাচর গণিছে প্রলয় !

(১৫)

দেখিনু পুলকাঞ্চিত, বহু নিম্নে উপত্যকা হ'তে
উঠিল পার্ব্বত্য রবি, এল যেন কিরণের স্রোতে
মহা জাগরণবার্ত্তা ; কোটী নিখিলের অভ্যুদয় !

* লোকে বলে 'সিঞ্চল'। সিংহের নখ-দন্ত কেশর কালের পাথরে চাপা পড়ে নাই, কে বলিতে পারে ? ইহার উপরেই 'টাইগার-হিল' ; এই শিখর হইতে 'গৌরী-শঙ্কর' দেখা যায়। সিংহের আসনে বাঘকে বসাইয়া নূতন পুরাতনের মর্য্যাদা রক্ষার চেষ্টা দেখে নাই ত ?

+ চলিত নাম 'মাউণ্ট এভারেষ্ট।' (সভ্যতাকে ধন্যবাদ !)

এ আলো কি স্বর্গ সনে করা'ল ধরার পরিচয়,
সৃষ্টির এ প্রথম সৃজন ? এ আলোক পানে পুলকিত,
মানবের রসনায় দেব-ভাষা হ'ল তরঙ্গিত,
বেদমন্ত্র উচ্চারণে ? ক্রমে শেষে পাষাণের পটে
দেখিনু অস্তের ছবি,—যেন শান্ত বিরতির তটে
আসক্তি ডুবিয়া গেল ; আলো ধরি ছায়ার গলায়
গিরিবর্ত্ম বাহি' ধীরে নেমে গেল বিরাম-গুহায় !

(১৬)

কি স্বপ্নে যেতেছে খসে' মাস হ'তে দিনের লহর,
গেছে চিত্ত-বলা ছেড়ে কোথা সরে' কর্ম্মের সাগর !
দেখি ক্রমে প্রসারিত, প্রতিদিন অগ্রসর কাছে
বরফের ধবলিমা ; দেখিতেছি নিত্য আগে পাছে
সহস্র বিদায়-যাত্রা ; হেমন্তের সীমান্তে এখন,
তীক্ষ্ণ হিম-বায়ু রটে শীতের আসন্ন-আগমন।
ছেড়ে দাও, হে প্রকৃতি, লোকালয়ে ফিরিব এ বেলা,
স্বার্থ যেথা পরমার্থ, রূপ-চর্য্যা—তুচ্ছ ছেলেখেলা ;
পুন দেখি, চেতনারে ডুবাইয়া স্বপ্নাহত প্রাণ
অনন্তের অন্ধকারে করিয়াছে একান্তে প্রয়াণ !

নতুন মানুষ।*

কে বলে তুই নতুন মানুষ?
তুই যে সোণা, আমার ভোরের পাখী!
ঘুমের ঘোরে সোণার স্বপন সম,
নুতন প্রভাত আন্‌লি প্রাণে ডাকি।
ঘুমিয়ে ছিল আমার পদ্মবনে
মুকুলগুলি অলস অবশ প্রাণে,
কখন তারা উঠ্‌লো বিকশিয়া
তোর সে আধ গুঞ্জরণ-গানে!
আমার আকাশ ছিল আঁধার হ'য়ে
বুকে নিয়ে উদাস সৃষ্টিছাড়া,
কোথা হ'তে আশার কুহক ল'য়ে
কখন রে তুই দিলি আলোর সাড়া?
অনেক দিন—শুক্‌নো দুটি আঁখি,
প্রাণটা ধূ ধূ মরুভূমির সমান;
কোথা থেকে নতুন ভাবের রসিক
প্রেম-সাগরে তুল্‌লি রসের তুফান!

---

* আমার কনিষ্ঠ পুত্র।

পড়্‌ছে মনে অনেক কালের কথা,
কবিতার প্রথম সে উচ্ছ্বাস,
আর কিছুর বা ধারি নাই রে ধার,
কাব্য লেখা চল্‌ছে বারো মাস!
উৎস উঠ্‌তো তখন হৃদয় ফেটে,
জোয়ার আস্‌তো পরাণখানি ভরে',
নিজের লেখা আঁখির জল দিয়ে
পড়া হ'ত কি নেশারই ঘোরে!
এখন শুধু মনে পড়ে এই—
কবি কে এক ছিল আমার মত,
কি যেন সে লিখ্‌তো খেয়াল-বশে,
হায় যেন তার সে মহিমা গত!
কাব্য দিয়ে কাড়্‌তো ভালবাসা!—
—বল্‌তো যারা—লোকটা লেখে ভালো,
তারাই আবার বল্‌ছে,—আহা, কবি,
নিবিয়ে এলে কোথায় তোমার আলো?
কোথায় তুমি, ওগো আমার শিখা!
ছেড়ে গেছ কিসের অপরাধে?
আঁধার প্রাণে আবার ওঠ জ্বলি',
ডুবাবে আর কতই অবসাদে!
ভাঁটায় পড়ে'—বেঁচে আছি মরে',
চারিদিকে শুন্‌ছি জলের ডাক;

কোথায় তুমি জোয়ার! এস জোয়ার,
এস প্রাণে বাজিয়ে তোমার শাঁখ।
ভাসিয়ে নাও আবিল আকুল স্রোতে
নাই ক যাহার আদি কিম্বা মূল,
নূতন জলে দেবো জীবন ঢেলে,
যাব ভেসে, নাই বা পেলেম কূল!
আকাশ ছেয়ে তেম্নি মেঘের শোভা,
বাতাস আছে তেম্নি গন্ধ ভরা,
গোলাপ-বাগে জমাট গীতের আসর,
স্থির-যৌবনা আজও বসুন্ধরা!
বুকের মাঝে নেচে উঠে শোণিত,
রোমাঞ্চিত সারা পরাণখানি,
বোবা যেমন রূপের স্বপন দেখে,
—বুক ফাটে তার প্রকাশ নাহি জানি'।
মনের মাঝে ওঠে হাহাকার—
হে প্রকৃতি, কবি তোমার নাই,
কাব্য-কুঞ্জে আগুন দিয়ে কবে,
মাখ্‌ছে প্রাণ সেই শ্মশানের ছাই!

এমন সময় ঘুম-ভাঙ্গানো সুরে
কে তুই এসে বল্লি,—কবি, জাগো!
বাণীর চরণ স্মরণ করিয়ে দিয়ে
বল্‌ছে কে রে; দেবীর প্রসাদ মাগো?

পড়্‌লো মনে,—হায় রে সাধের বীণা !
অযতনে ধুলায় তোমার স্থান !
অভিশপ্ত কবির হাতে পড়ে'
বীণা রে, তোর এতই অপমান !
আকাশ পানে রেখে দুটি নয়ন,
মেঘ-সাগরে চিত্ত করে' হারা
অবিশ্রান্ত বারিধারার সাথে
মিশাতেছি মুগ্ধ আঁখির ধারা।
আবার আমায় পেলাম কি রে ফিরে,—
সাত-রাজার ধন, গেছিল যা খোয়া ?
নয়ন-জলে হয়েছে কি আজ
মানসী, তোর চরণ দুটি ধোয়া ?
কি বল্‌তে চাই বল্‌ছি কি যে আমি,
চাঁদ, এও কি নয় তোরই স্তব ?
আজ যে আমার বাঁশীর রন্ধ্রে রন্ধ্রে
বেজে উঠ্‌ছে নানান্‌তর রব !
তোর কীর্ত্তি তবু কর্‌তে হবে জাহির,—
জোর হুকুম তোর !—খাচ্ছি যবে নুন,
তুমি বসে' শুন্‌বে গদিয়ান,
আমিই কষে' গাইব তোমার গুণ !
'হাঁটি হাঁটি' সুরে সারা বাড়ী
আদুল গায়ে ঘুরিস্‌ যখন, যাদু,

দেখায়,—ছোট্ট নাগা সন্নেসীটি,
কাজগুলো তোর নয় যদিচ সাধু!
'আনো'! 'আনো'!—সারাদিন এই বুলি—
নন্দের লোভী দুলাল নোয়াঁন্ ঘাড়!
—ঠাকু'মার ত নাই কিছুতে ত্রাণ,
খাবারের তাঁর ঝুলি শুদ্ধ সাবাড়!
হামা দিয়ে মিছরীর শিশি ভাঙ্গা!
—মা তোর দেখে' বকে—মিষ্টি-খোর!
আমি বলি,—অয়ি চোর-মাতা,
ব্যাটা তোমার বিশ্বমধু-চোর!
ছোট ঠোঁঠের ছোট্ট চুমা নিয়ে
তোর মা'র সনে মোর কাড়াকাড়ির পালা!
খোকন, তোর চুমো যেন কোন্ স্বরগের তাড়িৎ।
বড়ই স্নিগ্ধ মিষ্ট তাহার জ্বালা!
নূতন দাঁতের শোভা বিকাশিয়া
কপট কোপে ভয় দেখাস্ তুই যবে,
ভাবি, আহা, র‍্যাফেল্ হ'তাম যদি?
ছবির মত ছবি আঁক্‌তাম তবে!
কবির মত, ছবির মত ঠিক—
ঢুল্ ঢুল্ তোর ডাগর ডাগর চোখ,
ও কি সুধাসিন্ধু-মথন-করা
আদি কবির আদিম দুটি শ্লোক?

আসিস্ যখন কালী-ধূলোয় সেজে,—
সারা গায়ে রূপের পদ্ম ফোটে!
ওপরকার সে আভে ঢাকা মায়া
হঠাৎ যেন স্পষ্ট হ'য়ে ওঠে!
তোর হাসির গাঙ্গে যখন ডাকে বান,
দু'চোখ ভরে' ভুঞ্জি রে সে হাসি,
——জগৎ যেন সুখের একটী 'ফটো',
প্রাণটা যেন শুধুই জ্যোৎস্নারাশি!
ঠোঁট ফুলিয়ে কি যেন কি খেদে
গুম্‌রে গুম্‌রে কাঁদিস্, বাছা, যবে,
স্বর্গ যেন আঁখি দিয়ে গলে'
মোদের গৃহে আসে কলরবে!
ফূর্ত্তি নাহি ধরে ও বুকটুকে—
নাচিস্ ফুলিয়ে মোমের মত গাল,
মনে হয়, কোন্ স্বপনপুরের নূপুর
ছন্দে ছন্দে রাখে তাহার তাল!
আবার দেখি, মুখটী করে' ভার
জুড়ে' দিলি মনের সাথে খেলা,
আছিস্ যেন ভোলা-মহেশ্বর,
ভাব-সাগরে ভাসিয়ে সাধের ভেলা!
ওপারের সব তাজা স্মৃতির ঢেউ
আঘাত তখন করে বুঝি প্রাণে!

মনটা কি তোর বড়ই ওঠে কেঁদে,
উধাও হয় কি পুরাণ প্রেমের টানে ?
—কিম্বা, তরুণ কবি আবেগ ল'য়ে
নেশায় যথা মাতাল হ'য়ে ফিরে,
আপনি গড়ে, আপনি আবার ভাঙ্গে,
হয় না গড়া সাধের মানসীরে !
কি তোর ভাব, তার সে প্রকাশ-ভাষা ?
না জানি সে কেমন অপরূপ !
ধ্যানের সীমান্তে কি তাদের বাসা,
মানব-চিন্তা রহে যেথায় চুপ ?
তোরই পায়ের চিহ্নটুকু ধরে'
ছেড়ে দেব সোজা আপনারে,
অলিখিত অমর ছন্দে তোর
গাঁথ্‌বি না মোর ধূলির কল্পনারে ?
তুই কি আমার সোণার কাঠি, যাদু,
জাগিয়ে দিলি প্রাণে রূপের ছবি ?
বিশ্ব-প্লাবন প্রেমের অন্বেষণে
কল্পনারে ছুটিয়ে দিল কবি !
তুই যেন এক অনাঘ্রাত সৌরভ,
জড়িয়ে আছিস্‌ বুকের মাঝখানে !
না, তুই একটী সকরুণ গীতি,
সুধা ঢালিস্‌ প্রাণের কাণে কাণে ?

তুই যে কাঙ্গাল কবির পরশ-মণি !
নৈলে, ছাই কি সোণা হ'ত বল্ ?
———মানস যে আজ ভক্তের দেবালয়,
হঠাৎ প্রাণটা পুণ্যে টলমল !
কনকচাঁপা হাত বুলিয়ে, প্রিয়,
ঘুম্, ঘুম্—তুই বল্ তো কাণে আবার,
শান্তি-মন্ত্রে চিন্তা স্তব্ধ হ'য়ে
লুটিয়ে পড়ুক্ চরণ-প্রান্তে তাঁর !
তার পরে, আয় ধন, আমার মাণিক,
বুকে আয় রে, নতুন মানুষ মোর !
নূতন প্রেমের তুই যে নূতন প্রেমিক,
তুই যে আমার সন্ত-চিত্তচোর !

থামো, থামো,—ভেবে দেখি,—
ছিলি না কি তুই কাছে কাছে ?
জন্মে জন্মে আশা তৃষা ল'য়ে
ফিরি নি কি তোরই পাছে পাছে ?
কোথা ছিলি, নিরদয়,
এতদিন পাই নি যে দেখা ?
অজানিত বিরহের চিতা
দগ্ধ মোরে করিয়াছে একা !

রবি-শশী-তারা-হারা,
রুদ্র, স্তব্ধ, গভীর, গম্ভীর,
সৃষ্টিগড়া, সৃষ্টিহরা,
অনাদি, অনন্ত কাল-নীর !—
বারি-কোলে ছিলি কি রে
আপনারে হারাইয়া, মূঢ় ?
বুঝিবারে চেয়েছিলি
অতলের কাহিনী নিগূঢ় !
কবে কোন্ ঊর্ম্মি সনে
মেতেছিলি বিহ্বল ক্রীড়ায়,
ভাসায়ে আনিল তোরে
দেবতার নির্ম্মাল্যের প্রায় !
অন্ধকার হ'তে অন্ধকারে
এলি কি আলোর আশীর্ব্বাদ ?
কণ্ঠে আধ আলোকের কথা,
অঙ্গে অঙ্গে জ্যোতির আহ্লাদ !
স্বর্গের অতিথি দ্বারে ?—
এস পান্থ, আমাদের গৃহে ,
চুমা উঠে ওষ্ঠ ছাপি
যেন কত জনমের স্নেহে !
এলে কি অমৃত হ'তে উঠে
সদ্যসিন্ধুস্নাত সুধা-কণা,

রোগে শোকে জর্জ্জর সংসার,
দিতে তার জুড়ায়ে বেদনা ?
কি বার্ত্তা এনেছ বহি' ?
বল বল, ওহে আগন্তুক !
ভাষাহীন হাস্যে লাস্যে
বুঝাও সে রহস্য-কৌতুক !
তরুণ স্বর্গের স্মৃতি
বিস্মৃতিতে না হ'তে বিলীন,
এই ত সময়, সৌম্য,
ঘোষ' মর্ত্ত্যে সান্ত্বনা নবীন !
অত হাসি কেন, বন্ধু ?
জয়যুক্ত বুঝি অভিযান !
হে অজয়, সে পাথারে
মিলিল কি পারের সন্ধান ?
জরা নাই, ধ্বংস নাই,
আছে কি এ হেন কোন দেশ,
প্রাণীর বিরামালয় ?
জন্ম তবে কে বলে রে ক্লেশ !
শুভ যদি পরিণাম,
দয়াসিক্ত ন্যায়ের বিধান ;
হে সংসার, দাও বিষ,
সুধা বলে' করিব তা পান !

কি দুঃখ পতনে তবে,
থাকে যদি উত্থান আবার ?
আত্মার শোধনাগারে
ভ্রান্তি নিবে সত্যের আকার !
মৃত্যু কি অমর করে
মোদের এ ভালবাসা-স্নেহ ?
বিরহ কি দেয় চিনাইয়া
কোথা চির-মিলনের গৃহ !
হয় কি কর্ম্মের শেষ,
জন্মের কি আছে রে মরণ ?
নির্ব্বাণ কি চিরনিদ্রা ?
না, দুঃস্মৃতিহীন জাগরণ ?
ইচ্ছা কি শক্তিরে ল'য়ে বুকে
করে ক্রূর অদৃষ্টে বিজয় ?
মনোবল—রবিরশ্মি-ঘাতে
ভাগ্যাকাশে হয় চন্দ্রোদয় ?
——বলে' যাও, নবযাত্রী,
আধ আধ সঙ্গীতের প্রায়,
রহস্যের আধ-বার্ত্তা
আধ-সুরে যদি বুঝা যায় !
বুঝি, আর না-ই বুঝি,
শুনে' যাই নিরক্ষর ভাষা,

চেয়ে চেয়ে হাসি দেখে'
অশ্রুনীরে মিটুক্ পিপাসা !
মাথার উপর দিয়া
ভাসিতেছে মেঘের বহর,
নব বরষার সনে
মিশিতেছে প্রাণের লহর !
ক্রমে, ধীরে শান্ত হবে
কল্পনার উদ্ভ্রান্ত বেদনা ;
দেখিব, নিকটে তুই ; স্বপ্ন নো'স্—
আনন্দ-চেতনা !

ভূস্বর্গে কয়েকটী দিন। *

ভেবেছিলাম, বল্‌ব না সে কথা
ফলেছিল রূপের যে স্বপন!
ভেবেছিলাম, প্রাণের জিনিসটুকু,
প্রাণের মাঝেই রাখ্‌ব চির গোপন।
ভাব্‌তাম, সুখ থাক্‌বে স্মৃতি হ'য়ে,
নিজের লাভ খতিয়ে দেখ্‌ব নিজে,
বল্‌তে গেলে কণ্ঠ হবে রোধ,
চোখটা সুধু উঠ্‌বে ভিজে ভিজে!
দেখেছিলাম ছবির মত দেশ,
কবি-জন্ম করেছিলাম সফল,
এ জীবনে বহু ঝুটা ঘেঁটে,
পেয়েছিলাম একটী মাণিক আসল।
ধরার মাঝে ভারত যেমন সেরা,
ভারত মাঝে এ দেশটীও তাই,
কবি কিম্বা শিল্পীর কল্পনায়,
এমন ছবি নাই রে বুঝি নাই!

* কাশ্মীরের ভূস্বর্গ আখ্যা অতিবাদ নহে।

যুগে যুগে এই স্বরগে এসে,
অনেক ভাবুক হ'য়ে গেছে কবি,
অনেক রসিক ভাব-প্রেরণা পেয়ে,
শিল্পী হ'য়ে আঁক্‌ল অমর ছবি।
প্রকৃতি এই রূপরাশির লাগি',
কঠোর তপ করেছিল কার,
স্বর্গ যেন টাঙ্গিয়ে দিয়ে গেছে,
ধরার গায়ে ছোট্ট ফটো তার।
ওপরের সেই প্রীতি-উপহার,
পুণ্য সম জ্বল্‌ছে ধরার ধূলে,
দেশ-বিদেশের কত সাধক এসে,
ছবির ছবি নিয়ে যাচ্ছে তুলে।
নাম শুনে যার পাগল করে প্রাণ,
চোখের দেখা দেখ্‌তে হবে তায়,
দিলাম একদিন নিজকে পথে ছেড়ে,
কল্পনার সে রূপরাশির পায়।
মা, স্ত্রী, (সোণার অজয় নাই তখনও!)
আর দুটী স্নেহের পুতুল সাথে।
—স্বর্গে যদি প্রিয়জন না থাকে,
তেমন স্বর্গ থাকুক্‌ আমার মাথে!
এ দিকে খাড়া উঁচু পাহাড়,
অন্যদিকে গভীরতম খাত,

তারই মাঝে অফুরন্ত পথ,
চল্‌ছি, নাই কিছুই দৃক্‌পাত !
হনুর বংশ পাথর দিচ্ছে ডালি,
নীচের দিকে চল্‌ছে সাথে পাতাল,
কখন্‌ মৃত্যু সাম্‌নে এসে দাঁড়ায়,
বলে, নেশা ভাঙ্‌ রে এবার, মাতাল !
কিসের লোভে ছুটছি আকুল হ'য়ে
নিজের কাছেই যায় না তাহা বলা !
এমন শীতেও শিশু দু'টার আহা,
বারে বারে শুকিয়ে উঠ্‌ছে গলা।
মেয়েটা ত পড়্‌ল একদিন ঢলে',
বড়ই কাতর হ'য়ে পথের শ্রমে,
সে রাত্রিতে ওদের আহারটুকও,
জুট্‌ল না আর ভাগ্যে কোনক্রমে !
যতই তারা চাপ্‌তো কিছু নয়,—
যতই তারা সইতো হাসিমুখে,
ততই নিজকে ভাব্‌তাম অপরাধী,
কেমন করে' উঠ্‌তো যেন বুকে !
মনে হ'ত, কেউ কি এমন আসে,
প্রাণের ধন সব পথে দিতে ডালি,
হৃদয়ের খাত্‌ ভর্‌তে গিয়ে এবার,
দীর্ণ বুক বা হয় রে শেষটা খালি !

তখন মনে হয় নি, কেউ যে আছে,
আঙুলি সে চল্‌ছে সাথে সাথে,
আজকে বড়ই পড়্‌ছে যেন মনে,
বিপদভঞ্জন অনাথের সেই নাথে।
দ্বিধা বল্‌তো,—চা'স্‌ যা, তা কি পাবি,
ভুল যে হঠাৎ ভাঙ্গ্‌বে ক্ষ্যাপা ওরে,
আকাশকুসুম তুল্‌তে কোথা যাবি,
কোন্‌ আলেয়ার আলোর পাছ ধরে'।
আবার ভাব্‌তাম দেখে ঊর্দ্ধ নীলে
ঢেউ-খেলানো গিরির দীর্ঘমালা,
নীচে ধূ ধূ শ্যামল উপত্যকা,—
কাছেই বা সে শোভার চিত্রশালা!
দেখা দিল বিতস্তার ক্ষীণ রেখা,
ক্রমে রেখা বেণীর মত দেখায়,
পাষাণের বুক চিরে সুনীল ধারা,
কল্লোলিয়া কোথায় ব'য়ে যায়?
'বার্চ্চ' সারির মাঝে যেথা শোভে
ধব্‌ধবে এক ধরার ছায়াপথ,
চলে' গেছে ধূ ধূ ভূ-স্বরগে,
প্রবেশিল সেথায় মোদের রথ।
এলাম, এলাম, আর ত দেরি নাই!
ধুক্‌ ধুক্‌ ধুক্‌ শুন্‌ছি বুকের কাছে,

পথ যে আর ফুরা'তে না চায়,
স্বর্গের সিঁড়ি কতই যেন আছে!
হঠাৎ কোথায় যাত্রা হ'ল শেষ,
চিন্‌তে সে ঠাঁই রইল না আর বাকী,
প্রথম দেখায় নিজকে দিলাম ডালি,
জুড়িয়ে গেল প্রাণের লক্ষ আঁখি।
চারিদিকে নীল পাহাড়ের ঢেউ,
কুমুদ-কহ্লার-ছাওয়া হ্রদের বেণী,
পারে তাহার শালীধানের ক্ষেত,
বাদাম, পেস্তা, আখ্‌রোট গাছের শ্রেণী।
নেমে আস্‌ছে পাহাড়ের বুক ভেঙ্গে,
সোঁ সোঁ শব্দে স্বচ্ছ জলের প্রপাত,
পাহাড়ের ঠিক পাছেই থম্‌কে মেঘ,
মুখ বাড়িয়ে দেখ্‌ছে সে উৎপাত!
ফলে' আছে গুচ্ছে গুচ্ছে আঙ্গুর,
ডালিম-বাগে জোয়ার লেগেই আছে,
পিচের শাখায় নূতন কুঁড়ির শোভা,
রাঙ্গা রাঙ্গা আপেল ঝোলে গাছে।
পেয়ারা পিয়ার পাশাপাশি পেকে,
উড়াচ্ছে কি মিঠে একটী সৌরভ,
ন্যাশপাতি, সেউ ঝাঁকে ঝাঁকে ফলে'
ছড়াচ্ছে কি মেওয়া-বাগের গৌরব!

এলাচ-মুকুল আধ-আধ ফোটা,
মধুর গন্ধে কুঞ্জ আমোদ করে,
কিস্‌মিস্‌গুলি পাতার আড়াল থেকে
বঙ্গবাসী পথিকের মন হরে।
সবুজ ঘাসে ছাওয়া অধিত্যকা,
থাকে থাকে ঢেউ খেলিয়ে তার
ডেলিয়া ও ভায়লেটের সারি,
ফাঁকে ফাঁকে ক্রোটন ঝাড়ের বাহার।
ফুলকুলের রাজা ম্যাগ্‌নোলিয়া
ফুটে আছে খোস্‌বো খুলে বাগে,
ফুলের শোভা, না সেই গাছের শোভা,
কোন্‌টা রেখে কোন্‌টা দেখি আগে!
দু'দিক দিয়ে লতা-গুল্মের বেড়া,
চলে' গেছে মাঝে সরু বীথি,
শ্যামলার শ্যাম যুগল বেণীর মাঝে
শোভা পাচ্ছে শুভ্র একটা সিঁথি!
দুর্ল্লভ সুখের মত ক্বচিৎ কোথা
চোখে পড়ে পল্লী-পথে যেতে
পাকা সোণার কেশর-শোভা বুকে,
জাফ্‌রাণ-কলি ফুটছে ক্ষেতে ক্ষেতে!
লাদাক হ'তে চামর-পুচ্ছ ঘোড়ায়
কস্তুরীভার আসে কেমন নেমে,

চিত্রল হ'তে দুধের মত ধারা
তেম্‌নি নেমে গেছে হেথায় থেমে।
এখানে সেই হিমালয়ের পালা
চামর-পুচ্ছ চমরী গাই বেড়ায়,
সেই তিব্বতী অজরাজের কুল
উঁচু শৃঙ্গ লাফে লাফে ডেঙ্গায়।
বিখ্যাত সেই 'চেনার' তরুর কোটর
কুটীর বলে' হয় যেন ভ্রম,
প্রকৃতির সে ধর্ম্মশালায় এসে
কত শ্রান্ত পান্থ হরে শ্রম।
'চেনার' পাতার মাঝে বিদ্যমান
মহা শিল্পীর শ্রেষ্ঠ কারিকরি,
আমরা ওস্তাদ্ ছবির ছবি গড়ে',
তারই বড়াই বাইরে জাহির করি!
গোলাপকুঞ্জে ঢেউ খেলিয়ে যায়
ফুল-জনমের যেন রাঙ্গা হাসি,
পাহাড়ের কোল থেকে নামে হ্রদে
শাদা মেঘ, না কলহংস রাশি!
পরীর মত নারীর মুখ-ছবি,
আপেলের ন্যায় লাল টুক্‌টুকে গাল,
জাফ্‌রাণ তুল্‌তে যখন ক্ষেতে আসে,
লালের সাথে মিশিয়ে যায় লাল।

কাঠের মস্ত হামালদিস্তায় ফেলে'
ধান ভানে গুন্‌গুনিয়ে গায়,
বুকের কাছে 'কাঙ্‌রী' নিয়ে ঘোরে,
কাজের সাথে মিঠে আগুন পোহায়।
ফুলের মতন তাজা জীবনগুলি
বিকাশ পাচ্ছে মুক্ত আলোক পানে,
নাই ত তাদের পর্দ্দায় ঘেরা খাঁচা,
হাওয়ার মত স্ফূর্ত্তি সতেজ প্রাণে।
কাশ্মিরীণীর কালো আঁখির মত
বিতস্তার জল নেবার ছলে আসি'
কাশ্মীর-কুঞ্জের শ্রেষ্ঠ কুসুম যত
সাফ করে' যায় কৃষ্ণ কেশের রাশি!
স্বাস্থ্যদীপ্ত লাবণ্যে ঝল্‌মল্‌,
রক্ত যেন ফেটে পড়ে গায়,
যৌবন যেন করে কোলাহল
অঙ্গে অঙ্গে অটল মহিমায়!
লাল টুক্‌টুকে শিশুরা গাছ বেয়ে
আখ্‌রোট্‌ ভেঙ্গে খায় শিস্‌ দিয়ে,
হৈ হৈ করে' জনার ক্ষেতে পড়ে'
কট্‌কটিয়ে ভুট্টা চিবায় গিয়ে।
কুঁদে কাটা মর্ম্মর মূর্ত্তি যেন,
কাশ্মীরী দ্বিজ, রংয়ে ফোটে গোলাপ,

জাফ্রাণের লাল তিলক জ্বলে ভালে,
আর্য্যরূপের নিখুঁত ফটোগ্রাফ !
কোথা এতই রকম শিল্পকলা
এমন সূক্ষ্ম, এমন মনোহর,
গড়্‌ছে বুঝি প্রকৃতি নিজ হাতে
কারুকাজের চারু কারিকর।
পশমী শালে 'চেনার' পাতার ছবি,
আখ্‌রোট্‌ কাঠের চেয়ার টেবিল গায়
ড্র্যাগনগুলি খোদা দেখ্‌লে, আজও
মনটা যেন খারাপ হ'য়ে যায় !
বিতস্তার ধীর স্রোতে মোদের তরী
কভু চলে, কভু ঘাটে লাগে,
শোভার মেলায় সুখের বিচরণ,
কোন্‌টী রেখে, কোন্‌টী ধরি আগে !
এলাম যে সেই মানস-সরোবরে,
কোথায় গেল কবিতার সেই কাল ?
ফিরিয়ে দাও সে সাধের স্বর্ণ-যুগ,
যাও সভ্যতা, নিয়ে তোমার মাকাল !
এই গন্ধর্ব্ব সরোবর ? কই সেই
কলহাস্য জল-কেলির সনে,
জীবন-যুদ্ধে হেরে রাজ্যপাট
বেণু-বীণা কখন গেল বনে ?

আবার নৌকা চল্‌ল রে কোন্ পথে,
কোথায় এলাম ? এ কি মায়া-স্থান ?
একটী বিস্ময় না যেতেই দেখি,
আর এক বিস্ময় আকুল করে প্রাণ !
খট্‌খটে দিন রৌদ্রে ঝল্‌মল্,
রং বেরংয়ের বরফের তাজ শিরে,
'স্বর্ণমার্গ' উঠ্‌ল অভ্র হ'তে,
শিলার অঙ্গে ইন্দ্রধনু কি রে ?
'অমরনাথ' অপূর্ব্ব ঠাঁই, সেথা,
তুষার নাকি শিবের মূর্ত্তি গড়ে !
এ জীবনে হবে কি আর দেখা ?
কখন যেন যবনিকা পড়ে !
উঠ্‌লাম গিয়ে উঁচু পাহাড় ভেঙ্গে
বিশ্বজয়ী শঙ্করের সেই মঠে,
ধর্ম্মযুগের দীপ্ত জয়-ধ্বজা
দেখ্‌লাম সেদিন আঁকা পাষাণ-পটে।
হরিপর্ব্বত ওই যে !—পাণ্ডবের
এই পথেই ত যাত্রা অসীমে,
এই তীর্থেই পাঞ্চালীর শেষ গতি
পথের ক্লেশ আর দুর্ব্বিসহ হিমে।
অনেক প্রলয় গেছে উপর দিয়ে,
অতীত যেন পেতে পাষাণ বুক

রক্ষা করে' আস্‌ছে প্রাণপণে
মহাযাত্রার চরণ-চিহ্নটুক।
কুরু-পাণ্ডব স্বপ্ন সম আজ,
রাজা, রাজ্য কারু রক্ষা নাই !
কোথা দিয়ে উঠ্‌ল কবে জ্বলে'
ভারত-নভে মোগল বাদ্‌শাই।
স্বর্গ ভেবে দীন-তুনিয়ার মালেক
গড়্‌ল হেথায় সাধের গ্রীষ্মাবাস,
হয় ত মুগ্ধ পে'ল এ দেশটীতে
নূরজাহানের মুখপদ্মের আভাস।
সিরাজীর সেই লালে-লাল চোখে
ক্ষেতে জাফ্‌রাণ দেখ্‌ল সৌখীন যখন,
ভাব্‌ল, ওর ঐ একটী কেশর তরে
দিতে পারি ভারত-সিংহাসন !
রং মহলে কতই কারিকরি
ফলিয়েছিল স্থপতীবিত্তার,
শিস্ মহলে, গুলাব্ ফোয়ারায়
খুল্‌ত নিত্য রূপরাশির বাহার !
'নিসাত-বাগ্' পরীস্থানের মত
গড়িয়েছিল পরাণ ঢেলে হায়,
তরল-সুখের উৎস ছুট্‌ত সেথা
সকাল সাঁঝে হাজার ফোয়ারায়।

কালো কালো পাথরের থাম দিয়ে
মর্ম্মর-বেদী গড়্‌ল কি শোভন,
প্রিয়ার সাথে দ্রাক্ষাসুধা পিয়ে
বসে' বসে' দেখ্‌ত রঙ্গিন স্বপন।
মোগল-পাঠান কোথায় গেল মুছে'
মহাকালের সতরঞ্চ খেলায়,
কবে হ'ল বেচা-কেনার শেষ
কল্লোলিত ঐশ্বর্য্যের সেই মেলায়!
'পরীভবন' দাঁড়িয়ে সুধু আজ
মোগল-বিভব করায় ধূ ধূ স্মরণ,
'সলিমার-বাগে' হাজার ফোয়ারায়
উঠে বৃথা স্মৃতির নিবেদন।
কখন ভেঙ্গে গেল রূপের হাট,
শূন্য কক্ষ স্বপ্নঘেরা বুঝি,
পান্থ আজও কিসের ইন্দ্রজালে
মৃত-স্তূপে কাদের বেড়ায় খুঁজি!
রং মহালের পাষাণ প্রাচীর ভেদি'
উঠ্‌ছে করুণ কাদের সে বিলাপ?
জড়িয়ে আছে প্রতি অণুটীতে
রূপের যেন বিদায়-অভিশাপ!
আজ ত ঝুটা চাঁদির মুকুট পরে'
উৎসকুলের রাজ 'চস্‌মাশাহী'

বক্ষ চিরে তোলে স্ফটিক-ধারা,
রটায় বৃথা সাধের বাদশাহী!
পান করেছি 'চস্‌মাশাহীর' ধারা,
পাইনি কোথাও জলের এমন স্বাদ,
রোগের বুঝি সঞ্জীবনীসুধা,
স্নেহের যেন তরল আশীর্ব্বাদ!
গন্ধর্ব্বলোক হ'তে ভিড়্‌ল তরী,
দেখ্‌লাম সে এক পটে আঁকা তীর,
তারই একটা বৃহৎ প্রান্ত জুড়ে'
পড়ে' গেছে মহারাজের শিবির।
কাশ্মীরাধিপ কই?—এ কি দেখি
হিন্দুরাজার ধ্বংস-অবশেষ!
হরষ-বিষাদ, সম্ভ্রম-বিস্ময় প্রাণে,
ভেটিলাম সেই স্বাধীন দেশের নরেশ।
শিরে ধবল উষ্ণীষ, শোভে গলে
শুভ্র উত্তরীয়, তিলক ভালে,
দেখ্‌লাম যেন সেকালের এক রাজা,
একাল যেন মিশেছে সে কালে।
ইনিই রাজা? এতই শাদা-সিধে,
এমন মধুর, এমন অমায়িক,
ভারতের সেই পুরাণ ছাঁচে ঢালা,
মহামনা, রাজার মতই ঠিক!

মনে আঁকা সেই সহাস্য মুখ,
আপ্যায়ন আর বিনয় আদর যত,
তাঁহার রাজ্যে রূপ-সাগরে স্নান,
মর্ম্মে গাঁথা মধুর গানের মত।
দুটী মাসের, সুধুই দুটী মাসের,
সুখের ক্ষুদ্র শারদ প্রবাস যাপন,
হারুণ-উল্-রসীদের যুগে যেন
দেখেছিলাম বোগ্দাদী এক স্বপন!
ভিড়্ছে এম্নি ঘাটে ঘাটে তরী,
বরফ পড়া সুরু কেবল তখন,
নীল পাহাড়ের উঁচু চূড়ায় চূড়ায়
ধবল শোভার প্রথম সম্ভাষণ।
তুষার-কিরীট গিরির দুটী বেড়া,
মাঝে গেছে বিতস্তাটী বেঁকে,
তারই উপর ভাস্ছি তরী ল'য়ে,
জাফ্রাণের ঘ্রাণ আসে থেকে থেকে।
'ডল'-হ্রদে 'শিকারা'-ডিঙ্গায়
বাচ লাগিয়ে যেতাম দিনের মত,
পদ্ম-দলে কলহংস কেলি,
তীরে ফলফুল, ঘাসের শোভা কত!
তালে তালে পড়্ত বৈঠাগুলি,
নায়ে নায়ে উঠ্ত সারি গান,

জীবনে কি দু'বার আসে কারও
সুখের স্রোতে, এমন সাধের ভাসান!
এত বরণ, এত গড়ন ফুলের,
সকাল সন্ধ্যায় বিকাশের কি ধূম!
চপল বায়ে উড়িয়ে জাতি-কুল
দোল খেল্‌ত কুঞ্জে কুঞ্জে কুসুম!
উচ্চ শিলাবেদীর উপর বসে'
শুন্‌তাম একলা আবেশে থর্‌থর্‌,
মিশ্‌ছে বাঁশের মর্ম্মর-মূর্চ্ছনায়
ঝর্‌ণার গান—অশ্রু ঝর্‌ঝর্‌?
'চেনার'-শ্রেণী আমার মাথায় তখন
থাক্‌ত তাদের পাতার ছাতা ধরি',
যেন আমার ধ্যানের দ্বারে খাড়া
তারা ক'টী সজাগ প্রহরী!
পূবে বেগ্‌নী পাহাড়ের বুক চিরে
উঠ্‌ত ভোরে কাঁচাসোণার রবি,
আবার সাঁঝে গিরিবর্ত্ম বেয়ে
পড়্‌ত ঢলে' পশ্চিমে সে ছবি!
মনে আছে, সেদিন পৌর্ণমাসী,
ছাদে গিয়ে বস্‌লাম চুপটী করে',
পূব্‌, পশ্চিম দুই আকাশের গোড়ায়
ধীরে ধীরে আগুন উঠ্‌ল ধরে'!

উদয়, অস্ত ? না, দু'টী কবিতা ?
স্বপ্ন ? না, এ সুখের মত ব্যথা ?
বিশ্বারতির এ কি যুগল প্রদীপ ?
আত্মার এ যে অমর অভিজ্ঞতা !
সেদিন জ্যোছ্না নাম্‌ছে ঢলে' গলে',
রজত শৃঙ্গের থাকে থাকে থেমে
তুষারধারায় নেয়ে শীতল হ'য়ে
পাহাড় বেয়ে ধেয়ে আস্‌ছে নেমে !
প্রাণের সিন্ধু উঠ্‌ল উথলিয়া,
বক্ষ-প্রাচীর ভেঙ্গে বুঝি যায় !
তার পরে ?—সব চুপ ! —এখান থেকে
স্বর্গ-স্মৃতির কাছে চির-বিদায় !
কখন শুন্‌লাম কর্ম্মভূমির ডাক,
শোভার সভা ভঙ্গ স্বপ্নের মতন,
কিছুই এখন পড়ে না ত মনে,
স্বর্গ হ'তে কবে হ'ল পতন !

ঝড়ের দিনে পদ্মা-বক্ষে

হো হো হেসে এল পাগ্‌লা বাতাস!
আর্দ্র নয় সে উর্দ্ধ-ধারায়,
ঊষর ধূসর মরুর প্রায়,
বিরস প্রাণের হাহার ন্যায়,
নিয়ে তীব্র পিয়াস
হো হো হেসে এল পাগ্‌লা বাতাস!

অধীর মেঘের নিবিড় স্তর
শুন্‌ছে যেন ভয়ে নিথর
বধির করে' বিশ্বকুহর
বাজ্‌ছে কালের কাঁস!
অট্ট হাস্‌ছে আঁধার থালি,
পাথার দিচ্ছে করতালি,
এ কি নীরদ-বরণ কালী
সৃষ্টি কর্‌ছে নাশ!
হো হো হেসে এল পাগ্‌লা বাতাস!

নাচ্‌ছে যেন বিভীষিকা,
কাঁদ্‌ছে যেন প্রহেলিকা,
ডাক্‌ছে যেন মরীচিকা
পাকিয়ে মরণ ফাঁস ;
পাতাল ছেড়ে অনন্ত নাগ
দোলা কর্‌লে গাছের আগ্‌,
উড়িয়ে দিলে বালির ফাগ
ছড়িয়ে বিষের শ্বাস,
হো হো হেসে এল পাগ্‌লা বাতাস !

মতির গতির নাই কোন ঠিক,
যেন কর্ণ বিহীন নাবিক,
অথবা দিগ্‌ভ্রান্ত পথিক
ঘুর্‌ছে চারি পাশ !
এই সোজা, এই আবার ঘোরে,
প্রবল ধাক্কা আস্‌ছে জোরে,
প্রলয় যেন পরাণ ভরে'
কর্‌ছে লীলার রাস !
হো হো হেসে এল পাগ্‌লা বাতাস।

প্রকৃতির এই ত্যাজ্য ছেলে,
বিকৃতি নিজ হাতে পেলে,
ধরায় বুঝি দিল ফেলে
দেখ্‌তে জড়ের বিলাস।
হাম্বা কাঁদে—কই গোশালা?
লণ্ডভণ্ড খড়ের পালা,
উড়্‌ছে দুখীর কুঁড়ের চালা,
তরুতলে বাস;
হো হো হেসে ফির্‌ছে পাগ্‌লা বাতাস।

আর্ত্ত পাখীর কাতর ভাষা
উঠ্‌ছে ঘিরে ভগ্ন বাসা,
শাবকগুলির ভাগ্যে খাসা
নিরেট উপবাস!
খুনীর মত খুনের নেশায়,
মেতেছে ঘোর উচ্ছৃঙ্খলায়,
জল-স্থল-ব্যোম মথে' বেড়ায়
খেয়ালের এই দাস!
হো হো হেসে নাচ্‌ছে পাগ্‌লা বাতাস!

কর্ম্মনাশা বায়ুর হাঁক
বাড়ায় কীর্ত্তিনাশার ডাক,
ঊর্দ্ধে লাফায় ঢেউয়ের ঝাঁক,
ভাঙ্গ্‌তে নীলের নিবাস !
পাক পড়েছে অধীর নীরে,
কুমারের চাক তরী ফিরে,
সমাধি তার দিতে কি রে
টান্‌ছে জলোচ্ছ্বাস ?
হো হো হেসে ঘুর্‌ছে পাগ্‌লা বাতাস।

ছুট্‌ছে কত তরীর হাল,
ভাস্‌ছে কারও ছাদের চাল,
উড়িয়ে নিল উড়ান' পাল,
ভাঙ্গ্‌লো পালের বাঁশ,
রক্ত-তৃষায় পদ্মা মাতাল,
তরী নিয়ে চল্‌ল পাতাল,
বাজ্‌ছে রণবাদ্যের তাল,
নাই ক অবকাশ,
হো হো হেসে নাচ্‌ছে পাগ্‌লা বাতাস !

শ্মশান-বহ্নি জ্বলে জ্বলে,
যাত্রীর আর্ত্ত কোলাহলে
পাষাণ বুঝি যায় রে গলে'
জলই সুধু উদাস!
ভূমিকম্পে যেমন করে'
প্রবল ধাক্কা আসে জোরে,
তেম্‌নি ধারা কাঁপে ও রে,
ধরণীর ক্ষীণ আশ!
হো হো হেসে নাচ্‌ছে পাগ্‌লা বাতাস

নাই রে নাই বিশ্বে প্রভু!
থাক্‌লে চুপ সে থাক্‌ত কভু!
যাত্রী, ডাক কারে তবু
হরণ কর্ত্তে ত্রাস?
— উপর হ'তে হ'ল হঠাৎ
ডাকের সাথে ধারার পাত,
ভেঙ্গে দিল সব উৎপাত,
ধরার হা হুতাশ!
সুধীর হ'য়ে গেল অধীর বাতাস।

ঈশ্বরহীন আত্মা যেমন
পেয়ে প্রজ্ঞা-রবির কিরণ,
জলে' ওঠে করি' ছেদন
তমের নাগপাশ!
অসীমের পথ হেঁটে হেঁটে
তিমিরের স্তূপ ঘেঁটে ঘেঁটে
তেমনি নীলের বক্ষ ফেটে
পূর্ণচন্দ্র-হাস।
সুধীর হ'য়ে গেল অধীর বাতাস।

জ্যোছনার গাঙ্গে ডাক্‌লো বান,
ভেসে এল বাঁশীর তান,
কোথা হ'তে গেল রে প্রাণ
শোভা-রাজ্যের সুবাস!
তবু প্রাণে বিষম ধন্ধ,
আলো-ছায়ায় যেন দ্বন্দ্ব,
ঘোচে না কিছুতে সন্দ,
যায় না অবিশ্বাস!
মধুর হ'য়ে বইতে লাগ্‌ল বাতাস।

হয় ত জীবের এই নিয়তি,
প্রলয় তাহার অধিপতি,
নাই আত্মার পরিণতি,
অনন্তে বিকাশ।
আলো দিয়ে তারা তারায়
—তাড়িত-ভাষায় খবর চালায়!
তেম্‌নি আলাপ আত্মায় আত্মায়
বৃথা বারোমাস!
চিন্তা-স্রোতে ঢেউ তুল্‌ছিল বাতাস!

বল্‌ মা, তবে দাঁড়াই কোথা?
প্রাণে দিয়ে প্রাণের ব্যথা
না বুঝে তুই যথা তথা
এম্‌নি যদি কাঁদাস্‌।
যে মা প্রাণের শান্তি নাশি'
হাসিস্‌ অবহেলার হাসি,
সেই মা কখন আবার আসি
আঁখির ধারা মুছাস্‌,
প্রাণের কথা শুন্‌তেছিল বাতাস।

এই দেখি তোর মাতৃবেশ,
এই দেখাস্ বিমাতার দ্বেষ,
মায়ার তোর, মা, পাই না শেষ,
এই কাঁদাস্, এই হাসাস্!
যখন দিয়ে সাগর পাড়ি,
প্রবাস ছেড়ে যাব বাড়ী,
সেদিন বুঝি যাবে ছাড়ি
ভাগ্যের উপহাস!
চিন্তা-স্রোতে ঢেউ তুল্‌ছিল বাতাস।

নিবি বা তুই কোলে তুলে,
জটিল যা সব, দিবি খুলে,
দেখ্‌বো মা, তোর পদমূলে
কোটি বিশ্ব প্রকাশ!
নখর-পদ্মে বিকশিত
রবি-শশী অগণিত,
কোটী গ্রহ আবর্ত্তিত
কত মহাকাশ!
চিন্তা-স্রোতে ঢেউ তুল্‌ছিল বাতাস!

দেখ্‌বো ঘুরে ছায়ার লোকে,
নূতন দৃশ্য নূতন চোখে,
গভীর সুখে, অধীর শোকে,
পাব শুভ আভাষ !
যেথায় তর্‌ছে ধরার ধূলি,
অণুর পরমাণুগুলি,
সে অভয়-ক্রোড় দিবে খুলি'
স্নেহের চিরাশ্বাস !
চিন্তাস্রোতে ঢেউ তুল্‌ছিল বাতাস !

যা খুসী মা, শেষে দিও,
মুক্তি আমার হরে' নিও,
জন্ম-ঘোরে ঘুরাইও,
হব না নিরাশ।
হেরে জিত্‌তে জীবন-রণে,
খাঁটি থাকৃতে প্রলোভনে,
যদি দাও সব জন্মক্ষণে
ভক্ত প্রাণের বিশ্বাস !
চিন্তা-স্রোতে ঢেউ তুল্‌ছিল বাতাস !

পূর্ব্ব-জন্ম না দিক্ দেখা,
অজ্ঞাতে সে কর্ম্ম-লেখা
আঁক্‌বে ভালে ভাগ্য-রেখা।
ধর্‌তে গতির 'রাশ'।
ডাকটি পড়্‌লে যাব চলে'
এ কোল থেকে মা'র ও কোলে,
মৃত্যুরে অমৃত বলে'
বর্‌বো তারই গ্রাস!
শুন্‌তেছিল প্রাণের কথা বাতাস!

সেদিন ঝড়ের অবসানে,
উঠ্‌বে পূর্ণচন্দ্র প্রাণে,
হবে মৃত্যুর বিজয়-গানে,
জীবনের শেষ নিকাশ!
শেষ, না অশেষ!—হব যে পার
কত জন্ম-মৃত্যুর দ্বার,
কত পড়া, উঠা আবার,
তার পরে ত খালাস!
প্রাণের কথা সবই শুন্‌লো বাতাস।

মেঘ-রাজ্যের সংবাদ।

সাত হাজার ফিট উঁচায় চড়ে' ঘাড়টা কল্লেম খাড়া,
নীচের দিকে হেলায় চেয়ে গোঁফে দিলেম চাড়া !
ঠেক্‌ল নীচটা যতই নীচু, যতই না কি দূর,
মনে হ'তে লাগ্‌ল নিজকে ততই বাহাদুর !
বন্ধুর পথে শেষে যখন ছুটিয়ে দিলাম ঘোড়া,
মনে হ'ল, সংসারটার পরোয়া রাখি থোড়া,
'দুদিনের বৈরাগী যেন পেরসাদ বলেন ভাত্‌কে
নূতন পৈতাওয়ালা যেন ভেঙ্গান নিজের জাত্‌কে !'
এম্‌নি যা হয় ব'লো ; কিম্বা হাস্‌তে হয় হেস,
তার আগে ভাই, একবার তুমি এই পাহাড়ে এস।
বুঝ্‌লে, এটি শিশুর স্বর্গ, রোগীর সত্ত আরাম,
যুবার যেন কল্প-কুঞ্জ, বৃদ্ধের সান্ধ্য বিরাম !
কথা শুনে হাস্‌ছ ? বল্‌ছ,—সেই ত দার্জ্জিলিং,
নূতন রূপ ত বেরোয় নি তার গজায় নি ত শিং !—
আমিও ঠিক তোমার মতই গেলাম এবার হেসে,
খেলা কর্‌তে গিয়েছিলাম, কেঁদে এলাম শেষে !
পথের শোভাও কি এক চোখে দেখ্‌লাম যেন এবার,
পুরাণ ছবি নূতন হ'য়ে দেখা দিল আবার।

উঠ্ছে ও কি বোঝাই ট্রেণ, ঘুরে-ফিরে ধেয়ে,
না, বাসুকির বংশধর চড়্ছে পাহাড় বেয়ে ?
পুরাণ বন্ধু পাগ্লা-ঝোরার সঙ্গে পথে দেখা,
হো হো হাস্যে বিজন স্থানটী মাত কচ্ছিলেন একা ;
ছেলে পিঠে নেপালিনী নামে যেমন সোজা,
ইনিও পড়েন পাহাড় থেকে নিয়ে জলের বোঝা ।
আবার বল্‌ছি, সাত হাজার ফিট উঁচু পাহাড় চড়ে',
মনটা গেল চুরি, গেলাম বড়র প্রেমে পড়ে' ।
উঁচু দিকে চেয়ে চেয়ে নজরটাও ঠিক কেমন
উঁচু হচ্ছে ! নিজকে যেন ঠেক্‌ছে নূতন-নূতন !
মেঘের রাজ্যে কল্পনাও ঠিক ঘোড়-দৌড়ের ঘোড়া,
রাশটা সুধু ছাড়, বস্, লাগ্‌বে না আর কোড়া !
হঠাৎ দেখ্‌বে, সোণার ভাব সব ছাড়া-মেঘের প্রায়,
আভের রাজ্যে হাওয়ায় হাওয়ায় উড়ে-উড়ে বেড়ায় ।
বল্‌বো আর কি, প্রথম দিনেই মায়া-রাজ্যে ঢুকি'
আমার দুটী খোকা আর একটী মাত্র খুকী
কি এক রকম হ'য়ে গেল ; ভাবে, আর কি ত্থাখে,
বুঝি তাদের প্রাণটা কি এক নূতনতর ঠ্যাকে ।
নীল পাহাড়ের ফ্রেমে আঁটা, আভের কাঁচে ঢাকা,—
ভাবে, দেশটা ছবি একটী—সোণার পটে আঁকা !
একরত্তি সেই বীরবর, যিনি সবার ছোট,
সুধু দুটি বসন্তের সে চারা ফোট'-ফোট'

মায়ার রাজ্যে পা দিয়েই তার আর এক রকম মূর্ত্তি,
কচি বুকে ধরে না তার যেন তরল স্ফূর্ত্তি!
ঠেলা-গাড়ী নিজেই ঠেলে' পাহাড়ে' পথ ভাঙ্গে,
যেন খুশীর বান ডেকেছে তার সে কচি-গাঙ্গে!
ফুটফুটে মুখ—লাল! তবু বল্‌বে না সে,—'থাক্' !
একরত্তিটীর বিক্রম দেখে' সবার লাগে তাক্।
বড় খোকাও কম নয়, সে ঘোড়ায় চাপে যখন,
দিদির দিকে গর্ব্বে চেয়ে, মুচ্‌কে হাসে তখন।
ভাবটা,—দিদি, দেখ আমি কেমন মস্ত সোয়ার,
তোমার মত মানুষ ঘোড়ার থোড়াই ধারি ধার!
দিদি বলেন,—রেখে দাও না, ঘোড়া, না ও 'টয়',
বড় বড় ঘোড়া চড়্‌তেও আমার নাই হে ভয়।
নেচে নেচে ওঠা নামা, সে 'ডাণ্ডি' ত মা'র!
'রিক্‌স' ঠা'কুমার, তা হোক্!—ঘোড়াই প্রিয় আমার।
বোন-ভাইদের একটী জায়গায় ভারি কিন্তু মিল,—
পাহাড়ের রূপ দেখ্‌তে সবার দিলে মিলে দিল্।
পাহাড়ের পায় লুটিয়ে পড়ে মেঘ শাদা শাদা,
পাহাড় উঁচায়, মেঘ নীচে, মেঘগুলো কি গাধা!
শুনে' ভাব্‌ছো,—লোকটা খালি বাড়িয়ে বাড়িয়ে বলে,
সত্যি বল্‌বো, ছোট্টটুকু, যে টলে' টলে' চলে,
সেও যখন আকাশ-সরে কিরণ-কমল ফোটে,
নীল-শিখরের শাদা মেঘ মাথায় করে' ওঠে

কাঞ্চনের এক শৃঙ্গ! আর, তাহারই ওপর,
শুভ্র মেঘের থাকটি গিয়ে ধরে নীলাম্বর,
অম্‌নি সোণামুখে ফোটে কত ছড়া, গান,
শিশুর কাছেই আগে পৌঁছে প্রকৃতির আহ্বান!
নিসর্গের যে নিখুঁত ফটো—স্বচ্ছ বুকেই ওঠে,
বৃহৎ যা, তা কচি প্রাণেই স্পষ্ট হ'য়ে ফোটে।
আমরা দেখি সৌন্দর্য্যেরে বিচারকের চোখে,
ভবের হাটে সওদা কর্ত্তে বিজ্ঞেরা যাই ঠকে'!
মেকি নিয়ে মাতি, সার হয় খুঁটি-নাটী ঘাটাই,
আলোচনার চোটে শেষে কলম গলা ফাটাই!
শিশুর সঙ্গে শিশু হ'য়ে কাট্‌ত আমার বেলা,
তারা তিনটী, আমি একটি, চার পাগলের মেলা!
এর মধ্যে কত কাণ্ড, নালিশ, কয়েদ্, বিচার,
এই সাজ্‌ছি অপরাধী, এই সালিশ আবার!—
ও আমারে চিম্‌টি কাট্‌লে, সে ডাক্‌লে গাধা!
ও আমারে কালো বল্লে, নিজে ভারি শাদা!—
একরত্তিটি জাঁদ্‌রেল, অতর ধারে না সে ধার,
তার কাছে সব 'কোর্ট মার্শাল,' এক কথাতে বিচার!
ক্ষমা কর, পাঠক, কথা বেড়েই স্বধু যায়,
পিতা আমি, পিতা যারা, বুঝ্‌বে তারা আমায়।
সাতটি নয়, পাঁচটী নয়, আমার তিনটী ধন,
এদের কথা বল্‌তে বল্‌তে হ'য়ে যাই যে কেমন!

বুঝি, এটা দুর্ব্বলতা ! পরের এত কথা,
শুন্‌তে কার বা দায় পড়েছে, এতই মাথাব্যথা !
তবু এটা অতি সত্য, আমার গোলাপ-গাছে
তিনটী কুঁড়ি আলো করে' শোভা করে' আছে !
এদের নিয়ে গর্ব্বভরে কাটে আমার দিন,
সাতটী নয়, পাঁচটী নয়, সুধই তারা তিন !
এদের সাথে বিভোল হ'য়ে খেল্‌ছি সারা বেলা
প্রকৃতির এই লীলা কুঞ্জে, সাধের হোরি-খেলা !
পাহাড় থাকে অবাক্ হ'য়ে মোদের পানে চেয়ে,
মেঘেরা সব কাছে আসে পাহাড়ের গা বেয়ে ।
শৃঙ্গে শৃঙ্গে ঘুরে বেড়ায় নেপালীদের গান,
ব'য়ে আনে অনেক কালের অনেক অভিজ্ঞান ।
ভুটিয়াদের নাচের চোটে পাহাড়টী গুল্‌জার
হিমালয়ের ছেলে-মেয়ের স্নেহের অত্যাচার !
বড় খোকা 'ফিলজফার' চুপটি করে' আছে,
হঠাৎ বলে' উঠ্‌ল—দিদি, ওই যে মেঘের পাছে
আকাশ গিয়ে যেখানটীতে হ'য়ে গেছে শেষ,
হয় ত সেটা এর চেয়েও ঢের ভাল দেশ !
দিদি একটু বৈজ্ঞানিক, বলে,—বাবা, খোকা
শুন্‌লে, বল্‌ছে কি ? ও ত আস্ত একটী বোকা :
আরে গাধা, এও জান না, আকাশ যে নয় কিছু,
নাই যাহা, কি আর থাক্‌বে সেই শূন্যের পিছু ।

ছোট্টটুকু চেঁচিয়ে উঠ্‌ল,—'খোকা বোকা' বলে',
'ফিলজফি' ভেসে গেল হাসির মহা রোলে।

নভের মাঠে মেঘ-দৌড় ! ছুট্‌ছে সেদিন মেঘ,
উপর নীচ মুছে ফেলে' কর্‌লে যেন এক।
লুকিয়ে ফেল্লে, বেমালুম ঘর-বাড়ী গাছ-পালা,
ঢাক্‌ল উঁচু পাহাড়ের সেই ঢেউ-খেলান' মালা।
অভের আঁধার মনে হ'ল, যেন একটি সাগর,
নাই গর্জ্জন, নাই নর্ত্তন, পাটীর মত নিথর।
ক্ষুদ্র গৃহকোণটী যেন ছোট একটী তরী,
আমরা চারজন চড়নদার যাচ্ছি পাড়ি ধরি'।
নাই রে নাই, কূল ত নাই ; নিরুদ্দেশে কোথায়
স্রোতের মুখে ভেসে যাচ্ছি ভাসানের এক নেশায় !
অকরত্তির হাতে যেন আছে তরীর হাল,
কারণ, তারই বেশী জানা ওপারের সব চাল,
উঁচায় আঁধার, নীচে পাথার, হয় ত ভেসে ভেসে
হঠাৎ গিয়ে উঠ্‌ব আমরা মেঘমালার দেশে।
সাথে সাথে মনে এল, মেঘমালার গান,—
এক কন্থে রাঁধেন বাড়েন, তিন কন্থে খান।
কবে হ'ল কেন হ'ল, মেঘমালার দেশ ?—
ছেলেবেলার এ জিজ্ঞাসার হয় নি আজও শেষ।

কেমন সে দেশ ?—নাই কি সেথা রাত্রি আর দিন ?
চাঁদ নাই, পূর্ণিমা নাই, আকাশ উদাসীন ?
আর মানুষ কি পাষাণ হ'য়ে আছে অভিশাপে ?
তাদের শ্বাস কি উঠ্‌ছে জ্বলে' নীরব পরিতাপে ?
আভের বালিশ শিথান দিয়ে, শুয়ে প্রবাল-খাটে
কি স্বপনে তিন কন্যার প্রহরগুলি কাটে ?
কখন দেয় সুধার ছড়া আঙ্গিনার চা'র ধারে,
পান্নার প্রদীপ জ্বালে কখন মোতির দীপাধারে ?
দুধের সরোবরে এসে কখন নেয়ে যায়,
মণি-বেদীর উপর বসে' কেশের রাশি শুকায় ?
মুক্তার রেণু দিয়ে কখন রুচির অঙ্গ মাজে,
হীরার মুকুর কাছে রেখে কেমন বেশে সাজে ?
ইন্দ্রধনু রঙ্গের ঝিক্‌মিক্ হাওয়ার শাড়ী পরে'
মেঘের রথে চড়ে' তারা সপ্ত আকাশ ঘোরে !
বিদ্যুতের চক্‌মকি ঠুকে' জ্বালায় তারার বাতি,
কি রূপকথা ক'য়ে তারা কাটায় দীর্ঘ রাতি ?
কখন্ তাদের রাত পোহায়, পাখী করে গান,
কেমন করে' সূর্য্য ডোবে, বেলার অবসান ?
কিম্বা মেঘমালার দেশে নাই সন্ধ্যা প্রভাত,
আকাশজোড়া আঁধার সুধু ফেরে সাথে সাথ !
